Issue cover not available

Vol. 12 | No. 2 | 1968

Check for updates

সাহিত্য পত্রিকা

journal.bangla.du.ac.bd

পূর্ব পাকিস্তানের পত্র-পত্রিকায় সংস্কৃতি চিন্তা

Volume	12
Issue	2
Year	1968
ISSN	0558-1583
eISSN	3006-886X
Author(s)	মনিরুজ্জামান
Published online	December 16, 1968
DOI	10.62328/sp.v12i2.4
Link to article	https://doi.org/10.62328/sp.v12i2.4
Pages	161-262
Publisher	University of Dhaka
Copyright	সাহিত্য পত্রিকা
Designed and Developed by	Zobayer Abdullah

পূর্ব পাকিস্তানের পত্র-পত্রিকায় সংস্কৃতি চিন্তা
[১৯৪৭–১৯৬৭]

মনিরুজ্জামান

পদ্ধতিগত দিক থেকে আলোচনাটি ব্যাপক নয় কিন্তু অনুসন্ধানের বিষয় হিসাবে এটি যে একটি দুরূহ কর্ম এ বিষয়ে সন্দেহ নেই। সংস্কৃতি কর্মের ত্রিবিধ উপাদান (ধারাবাহিকতা, বৈচিত্র ও সমন্বয়) সাময়িক পত্রের মননচিহ্নিত লেখ্যকর্মগুলিতে কি ভাবে আশ্রয় গ্রহণ করে এবং সেই সব সংস্কৃতিকর্ম ও চিন্তার ব্যাপকতা (প্রসারতা) এবং মৌলিকতা (গভীরতা) কি পরিচয়ে বিধৃত তার ক্ষেত্র জরীপ আমাদের দায়িত্ব এবং লক্ষ্য।

ঐতিহাসিক আলোচনায় দেখা যায়, সংস্কৃতি জরীপভুক্ত বিষয় নয়, বরং সংস্কৃতিকে একটি ঘড়ির সংগে তুলনা করাই বিধেয়; গঠন, পরিবর্তন, বিস্তার ও অবক্ষয় যার একটি অবশ্য যুগাবর্তন। এই আবর্তনের স্বাভাবিক গতি প্রতিরুদ্ধ হলে ইতিহাসের সূত্র প্রবল হয়। নির্মিত খতিয়ান সেই দিক থেকে কোন সমস্যা এবং তার সমাধানের সূত্রাধীন কি না তার বিবেচনার সুযোগ অবশ্যই আছে।

খতিয়ানের একটি সীমাবদ্ধতা সাধারণভাবে মানতে হবে। যে নির্দিষ্ট শ্রেণীর পত্রিকা আমাদের আলোচনার ক্ষেত্র নির্মানে সহায়ক বলে বিবেচিত হয়েছে (দ্র. 'উপাদান বা অন্তর্ভুক্ত সাময়িকী সমূহ' পরিচ্ছেদ) সে সব শ্রেণীর পত্রিকার সব সংখ্যা পাওয়া যায়নি। বহু পত্রিকা লোকচক্ষুর আড়ালে হারিয়ে গেছে, কেউ বা আপন অস্তিত্বের বাহুল্যভার আপনাতেই সীমিত রেখে সামাজিক প্রকাশের বিড়ম্বনাকে এড়িয়ে গেছে বরাবর।

উপাদান বা অন্তর্ভুক্ত সাময়িকীসমূহ

পূর্ব পাকিস্তানের গুরুত্বপূর্ণ শহরগুলো রাজধানী* থেকে দূরে অবস্থিত না হলেও ভৌগোলিক বা প্রাকৃতিক অবস্থান ও যোগাযোগের নানা বিপত্তিকর কারণে তা খুব কাছেও ছিল না। সম্প্রতি সেই দূরত্ব অনেক পরিমাণে কমিয়ে আনার চেষ্টা হয়েছে, কিন্তু তার দূরপ্রসারী ফল ও সুযোগ গ্রহণ করবে এই দশকোত্তর নাগরিকেরাই ; হয়ত তাদের সামগ্রিক সাংস্কৃতিকরূপের ঐক্যচিহ্ন যে কোন অঞ্চলেই সমান সুপরিস্ফুট হবে — যা গত বিশ বছরের পূর্ব পাকিস্তানে সম্ভব হয়নি (সাম্প্রতিক চিহ্ন ধর্তব্য নয়)। তার ফলে পূর্ব পাকিস্তানের অঞ্চলভাগ বা সাংস্কৃতিক দিগন্ত সব সময়ই দ্বীপধর্মী থেকেছে — বরিশাল এবং শ্রীহট্ট বা খুলনা এবং ময়মনসিংহ সাংস্কৃতিক তৎপরতায় কখনো হাত মেলায়নি ; চট্টগ্রামের ইতিবৃত্ত দিনাজপুরে কিংবদন্তী হয়েছে মাত্র। রাজধানীতে বিভিন্ন কালে মফস্বলীয় সংস্কৃতিসেবীদের শুভাগমন কৌতুকের বিষয় থেকেছে, অথবা কৌতূহলের। দূর অঞ্চল সর্বদা "মফস্বল" এই নামে চিহ্নিত থেকে কখনই সর্বব্যাপক প্রতিযোগিতায় আসেনি, বরং স্ব-স্ব পূর্বতন ঐতিহ্যের পথে সংস্কৃতি ও ঐহিক চিন্তার প্রকাশে তৃপ্তি গ্রহণ করেছে প্রথমাবধি। attitude বা দৃষ্টিভঙ্গী হিসাবে তা নিন্দনীয় না হলেও সামগ্রিক অবদানের পূর্ণ যোগফলের ক্ষেত্রে তা বিশেষ সহায়ক হয়নি।

* রাজধানী শব্দটির অর্থমান সম্পূর্ণ নয়। এ প্রসঙ্গে দুটি উদ্ধৃতি ব্যবহার করা যাক :—

1. "After Partition Dacca became the capital of East Pakistan. From a district town it suddenly changed into the provincial city but could not attain the characteristics of a modern metropoly. So though a good number of literary men crowded there for literary material yet other prefered the beaten track of Najibur Rahman and Imdadul Haque" ... *Bengali Novel since Independence* by Md. Syedur Rahman. (প্রবন্ধ)

২। '১৯৪৭-র বাংলা বিভাগের ফলে ঢাকা একটি রাজধানীতে পরিণত হলেও একাধিক কারণে ভারতের বিভিন্ন শহরের মতোই তার পক্ষে আধুনিক মহানগরী হয়ে ওঠা সম্ভব নয়।— মহানগরীর সভ্যতা আধুনিক যুগে সমগ্র বাংলার সাধনাকে আচ্ছন্ন করেছে, বিপন্নও করেছে একাধিক দিকে।'...

বাঙালী — প্রবোধচন্দ্র ঘোষ (পৃ.১২৩—)।

পূর্ব পাকিস্তানের সামগ্রিক সংস্কৃতি চিন্তার মননরূপ তাই একটি একক (যেমন, X বা ক) নয়, তার রূপ হয়েছে X Y Z ..... প্রভৃতি বা ক খ গ ..... ইত্যাদিরূপ অসংখ্য বর্ণ বা সংখ্যাচিত্র। তাদের পূর্ণ বিবরণ তাই কোন ক্রমেই আকর্ষণীয় নয়, ফলিত নয়, অনিবার্যও নয়। কিন্তু কোন সাংস্কৃতিক মান নির্ণয় আমাদের উদ্দেশ্য নয় বলেই ঐতিহাসিক জরীপের কারণে সেই সব অঞ্চলের সংস্কৃতি চিন্তার প্রকাশরূপের সন্ধান আমাদের করতে হয়েছে। বলা বাহুল্য, যথাযথ, পূর্ণাঙ্গ ও ধারাবাহিক চিত্র নির্মাণ আজ আর সম্ভব নয়, উপাদানাভাব তার একটি প্রধান সমস্যা। Dr. Ganda Singh সুদীর্ঘ ৪৭ বৎসরের দিবারাত্র পরিশ্রমেও *Bibliography of the Punjab* নামক অমরগ্রন্থে গবেষকগণকে খুশী করতে পারেননি — যে কোন খতিয়ানকারেরই এই সমস্যা একটি বাস্তব ঘটনা।

নিয়মিত অনিয়মিত, গবেষণা ও সাহিত্যপত্র, — যে কোন পত্রিকায় সংস্কৃতিকর্মের চিহ্ন অনুলেপিত থাকে (দ্র. 'চট্টগ্রামের সংস্কৃতি···১৩৭৩')।* আলোচ্য খতিয়ানে গৃহীত সাময়িকপত্র ও রচনাদির পরিসর তাই অত্যন্ত ব্যাপক। '৪৭ থেকে কুড়ি বৎসর পর্যন্ত পূর্ব পাকিস্তানের যে কোন পত্রিকায় যে কোন লেখকের মননধর্মী রচনার তালিকা নির্মাণে যে কোন সংস্কারকেই পরিহার করেছি — তবে একটা সীমারক্ষা জরুরী হয়েছে প্রায় সকল সময়। অর্থাৎ যৌন ও সিনেমা পত্রিকা বা ডাইজেষ্ট, মেয়েলী কাগজ এবং দৈনিক ও সাপ্তাহিকী প্রভৃতি কাগজ থেকে উপাদান সংগ্রহে আমাদের বিরত থাকতে হয়েছে। কারণ, এ জাতীয় কাগজে সাংবাদিকতা এবং রাজনৈতিক মতাদর্শই প্রধান হয়, অথবা মনোরঞ্জনী হাল্কা কথার বয়নে কিছু লেখকের সমাজ-বিবিক্ত চিন্তা ও ব্যবসায়ী মনোভাব মুখ্য হয়ে ওঠে।

খবরের কাগজে প্রকাশিত ইংরেজী প্রবন্ধের যে গুরুত্ব বাংলা প্রবন্ধের সে গুরুত্ব আমাদের সমাজ আজো দেয় না। কারণ আমাদের সমাজ উন্নয়নমুখী, প্রতিক্ষণ সুন্দরতর প্রতিচয়নে ব্যাপৃত, সংস্কৃতির গভীরতা ও প্রসারতা সিদ্ধ— অতএব, যা আজ ফুল দিয়ে সন্ধ্যায়ই ঝরে গেল তার প্রাচুর্য সাংবাদিক খোরাক জুগিয়েই ক্ষান্ত হয় — সে বিষয়ে গুরুতর সামাজিক ভাবনার উপস্থাপনা তাকে দিয়ে হয় না, তাৎক্ষণিক ভাবনার গুরুত্বকেই বিচিত্রিত করা হয়। [লোক-সাহিত্য বিষয়ক খতিয়ানে কিছু বাধ্যগত পরিবর্তন ঘটেছে মাত্র]


* অন্বেষা, চট্টগ্রাম কলেজ বার্ষিকী, ১৯৬৭।

মনন ও সংস্কৃতি

সাংস্কৃতিক তৎপরতার পরিসর অত্যন্ত বিশাল, আমাদের আলোচনা সেইহেতু কেবল মনন-ক্রিয়াতেই সীমাবদ্ধ।

মনন একটি হিরন্ময়গর্ভ শব্দ — তার সম্ভাবনা অধুনা ক্রম-উজ্জ্বল। একটি মিলিত অর্থে ও নানা সমস্যার ধারক অর্থে মনন একটি ব্যাপক শব্দ। আমাদের আলোচনার ক্ষেত্রকে পরিসর ও গভীরতার পরিমাপে চিহ্নিত করার জন্য এ শব্দের* প্রতি অত্যধিক দৃষ্টিক্ষেপের প্রয়োজন আছে।

সংস্কৃতি সকল সময় একই সংগে প্রথাগামী এবং আবার তা দার্শনিক চিন্তায় পুষ্ট বলে গতিশীলও বটে। ফলতঃ, সাস্কৃতির যে কোন ফলনই দ্বিমাত্রিক। যেমন, একজন সংস্কৃতিমনা ভদ্রমহিলার রেখ-চিত্র এই ভাবেই যদি আসে ঃ




চিত্র নং ১

(১) গ্রন্থপ্রিয়তা (২) নাট্যামোদিতা, সিনেমা প্রিয়তা ইত্যাদি (৩) লোক-নিন্দাভয় (৪) সামাজিক অনুষ্ঠান প্রিয়তা (৫) শিল্পকলা চর্চা (৬) গহনা প্রিয়তা (৭) স্বামী-স্বাচ্ছন্দ্য অভিলাষ (৮) বাৎসল্য (৯) সংসার-প্রিয়তা (১০) ড্রয়িংরুম প্রিয়তা। ইত্যাদি।

সামাজিক ও সমষ্টিগত ক্ষেত্রে এই চিত্রই তখন 'সাধারণ' বলে গ্রাহ্য হতে পারে; এবং হ'লে তা প্রথাকেই চিহ্নিত করে তুলবে মাত্র।

* সংস্কৃতি ও মনন অবশ্যই স্বাধীন অর্থাৎ পরস্পর সংযোগমুখী নয়; সংস্কৃতিবান হয়েও একজন মননশীল নাও হতে পারে আবার মননশীল হয়েও একজন সামাজিক জীবনে বা ব্যক্তিপরিচয়ে অসংস্কৃত থাকতে পারে। সেজন্য ব্যক্তিপ্রবণতা তার একমাত্র ধর্ম নয়; — আলোচ্য অনুসন্ধানে মনন একটি বাহন বা পারদ মাপক যন্ত্র এবং একটি সামগ্রিক সমাজকর্মতার পরিবেশ।

সাংস্কৃতিক অন্যমাত্রায় তখন তার চিত্র ঃ



চিত্র নং ২

ক, খ ··· = সাংস্কৃতিক একক ক´, খ´ ··· = সমাজ একক

সমাজ একক-ই 'সমাজ-ব্যক্তিত্ব'। ক´খ´ স্থির বিন্দু ধরা যেতে পারে, কিন্তু ক খ প্রভৃতি তরল পারদ মাত্র, কারণ সাংস্কৃতিক একক অত্যন্ত বায়ুবাহী ও পরিবেশ-ধর্মী বা মনের জলবায়ুর বিভিন্ন উপাদানের গুরু-লঘু বৈচিত্র্যে চিহ্নিত। অর্থাৎ ক´-অঞ্চল বা ক´-ব্যক্তিত্বে ক, খ·····প্রভৃতির পরিচয় নিজস্ব স্বরূপে ধর্তব্য নয়। তেমনি খ´-এর ক্ষেত্রেও। ফলে ক´ খ´ এর সাথে ক খ প্রভৃতির সম্পর্ক কখন কিসের ওপর নির্ভর করছে তার ইতিহাস বা 'ঘটনা' (phenomenon) লক্ষ্য যোগ্য বস্তু হয়। তার জন্য একটি বৈজ্ঞানিক পদ্ধতি গ্রহণের কথা সেইজন্য *কেউ কেউ ভেবেছেন।

* অনেকে সংস্কৃতি বিচারে তার সমস্যাবলীকে **Vertical ও Horizental problems** হিসাবে দেখার পক্ষপাতী। **Acculturation** বা সাংস্কৃতিক বিনিয়োগ প্রভৃতি কারণ সঞ্জাত জটীলতা বা দ্বন্দ্ব ও তার উপযোগিতার প্রশ্নে পাশাপাশি বিভিন্ন সমাজ পরিবেশে একই সংস্কৃতিকর্মের গুরুত্বদানের তারতম্য-বাচক বা নিয়ামক শক্তি ও কারণ সমূহও তারা বিবেচনা করে থাকেন। আসলে যে কোন সমস্যারই এই দ্বিমাত্রিক আলোচনার পদ্ধতি থাকা স্বাভাবিক এমন কি আরো দু একটি মাত্রাও সংযোজিত হতে পারে। যে কোন এককেরই এই চতুর্মাত্রিক সমস্যা রয়েছে; যেমন ক´ এই 'একক্'কে একটি 'বৃত্ত' কল্পনা করলেই বোঝা যায় যে, তার কেন্দ্র থেকে প্রান্ত সীমাপর্যন্ত তার নানা স্থান পরিধি রয়েছে এবং ঐ বৃত্তে অবস্থিত একটি সমস্যার অবস্থানগত তারতম্যও।

উপরুল্লিখিত সমাজ ও সাংস্কৃতিক এককের পারস্পরিক সম্পর্ক (Permutation & Combination) যত গভীর ও বৈচিত্র্যময় হবে সাংস্কৃতিক তৎপরতার ততই উদ্বোধন ঘটবে।

যাইহোক, আমাদের প্রতিপাদ্য এই যে, সংস্কৃতির মৌলিক সমস্যাবলী প্রধানতঃ bi-phenomenal বা দ্বৈত ভাবে পরিচায়ক — প্রথমতঃ 'সাধারণ' আচরণে, দ্বিতীয়তঃ জটিলতর বিন্যাসে। এবং প্রতিটি প্রকৃতি (phenomenon) অন্ততঃ দুইটি কাঠামোতে সন্নিহিত : ক. গভীরতা খ. প্রসারতা।

'মনন' এমন একটি সমস্যা যা একই সাথে সংস্কৃতির মৌলিক আধানের সাদৃশ্য ও সঞ্চারিত দুই রূপেরই (phenomenal modes) একক বাঁধন। যে কোন ব্যক্তি সামাজিক ও ব্যক্তিগত ভাবে অন্য উপাদানে গঠিত হয়েও তাঁর বৈশিষ্ট্যপূর্ণ অবদানের মাধ্যমে মনন ক্রিয়ার পরিচয় দিতে পারেন, কেননা ইতিহাস গ্রাহ্য পরম্পরতার অনিবার্য সূত্রবন্ধে সরল সত্য নির্মাণ তাঁর কাছে একটি সহজাত প্রবনতার শিল্প মাত্র ; আবার সংস্কৃতি কর্মের যাবতীয় অনুরাগ ও প্রতিক্রিয়াদি, চিন্তা ও অনুধ্যান ক্রিয়ার (Process) স্বাভাবিক গতি অনুযায়ী 'মনন' কখনও বা এই ব্যক্তি আচরণের সীমাকে অনায়াসেই লঙ্ঘন করে বিশাল ক্ষেত্রে উপস্থিত হতেও পারে। অর্থাৎ, মননের একরূপ ব্যক্তির 'ব্যক্তিত্ব' যা একান্ত পৌরুষ ধর্মের প্রকাশ থেকে 'অপৌরুষেয়' সৃষ্টিতে (?) বিধৃত ; অন্যরূপ সমাজের 'ব্যক্তিত্বে'। আমরা এই দ্বিতীয় দিকের কথাই ভাববো।

লক্ষ্য করলে দেখবো যে, মননের এই আলোচ্য দিক বা সমস্যাটি আঞ্চলিক রূপেও ধরা যায়।* এই অঞ্চলগুলির সাধারণ মান — ছাত্র অঞ্চল, অধ্যাপক অঞ্চল, পেশাধারী ও অন্যান্য লেখক অঞ্চল এবং প্রতি অঞ্চলের মুখপত্র সরকারী কিংবা বে-সরকারী অথবা উভয়। ছাত্র অঞ্চল কেন্দ্র থেকে মফস্বল এবং বিশ্ববিদ্যালয় থেকে কলেজ পর্যন্ত বিস্তৃত, অধ্যাপক অঞ্চলও তাই। লেখক অঞ্চল প্রধান প্রধান সাহিত্যিক মুখপত্রের আশ্রয়ে ও নৈকট্যে গঠিত। এতদ্ব্যতীত অন্যান্য অঞ্চল পেশাগত অঞ্চল, যেমন সাংবাদিকতা, চিকিৎসা, আদালত পেশা প্রভৃতি। অতএব, সংবাদপত্র

* মননজীবীদের দেশকাল নেই (?) কিন্তু মনন সাংস্কৃতিক তৎপরতার সংগেই সম্পর্কিত ও নির্দিষ্ট সমাজ প্রকাশের আধারেই গ্রাহ্য। প্রতিটি অঞ্চলের যে মুখপত্র তাদের মানের ভিন্নতা মনন কর্মের সামগ্রিক উন্নতিবিধানে প্রায়স রসাভাস ঘটিয়েছে এটা সহজেই অনুমেয়।

থেকে প্রতিষ্ঠানের মুখপত্র, অনুষ্ঠানপত্র, এবং সাহিত্য ও গবেষণাপত্র প্রভৃতি সবই সমাজ প্রকাশের দিক ঘনত্ব (depth) ও পরিধি নির্ণায়ক। কিন্তু সংবাদপত্র প্রভৃতি-র দ্বৈত ভূমিকার কারণে তার সাংস্কৃতিক ধর্ম অনুদ্বেজ্য ও সরলতর প্রকাশ নয়, একথা আগেই উল্লেখিত হয়েছে। অতএব সাহিত্য ও অন্যান্য পত্রেই আলোচ্য বিষয়ের মৌল সমস্যাবলীকে প্রকাশ করতে সক্ষম বলে বিশ্বাস করার যথেষ্ট যুক্তি আছে মনে করা যায়।

সংস্কৃতি

বলা হয়েছে Economy is the basis and culture is the super-structure. আবরণ উন্মোচনেই গাত্রতল প্রকটিত হয়, তেমন অর্থনীতির বহির্তো-রণের নহবৎই সংস্কৃতি। এনসাইক্লোপিডিয়া রচনাকর্মের প্রেরণা আর দ্যুদিনিৎসভ্ ইভ্শোতেংকো কিংবা রেড-গার্ডদের পাদব্রজ্য সবই অর্থনীতির কংকাল গাত্রে পরিচিত দেহাবরণ।

অনেকের মতে Culture ও সংস্কৃতি এক নয়+_ বাগার্থ বিজ্ঞানের ILL সূত্রে Cultivation এর ব্যঙ্গার্থ তার বাচ্যার্থকে অতিক্রম করেছিল বলেই ষোড়শশতকে Culture একটি মিলিত অর্থ দ্যোতকশব্দে রূপ পায়।†† কালচার প্রবন্ধে এ সম্পর্কিত বিস্তৃত তথ্যাবলী সন্নিবিষ্ট করার প্রয়াস পেয়েছি। টমাস মান থেকে Eliot-উত্তর কালে Dwight Macdonald পর্যন্ত এবং Kultur Kampf আন্দোলন থেকে নব্য চীনের আন্দোলন পর্যন্ত কালচারের বিস্তৃত চর্চা হয়েছে এবং সাহিত্যিক সমাজতাত্ত্বিক নৃতাত্ত্বিক ও পরে মানব বিজ্ঞানের প্রতিটি শাখার (বায়োলজি প্রভৃতি) তা' অনুসন্ধানের বিষয় হয়েছে। রাজনীতিতে এর নতুন ঢং পাওয়া সম্ভব হয়েছে (Peoples Culture)।

বঙ্কিমচন্দ্রই প্রথম আমাদের দেশে 'কালচার'-চর্চা করেন। 'সংস্কৃতি' ব্যবহার করেন সুনীতিকুমার চট্টোপাধ্যায়। সংস্কৃতির ক্ষেত্র নির্দিষ্ট করেন আচার্য যোগেশচন্দ্র রায় — সেকথা সৈয়দ মুজতবা আলীও অস্বীকার করেন না। এসব তথ্য আমি অন্যত্র উল্লেখ করেছি। অপরাপর আলোচনার জন্য পরিশিষ্ট দ্রষ্টব্য।

† লেখকের কালচার প্রবন্ধ দ্রষ্টব্য। [ভাষা সমস্যা ও অন্যান্য প্রসঙ্গ গ্রন্থে]

†† Improvement or refinement by education and training
এই অর্থে Culture শব্দের প্রথম প্রয়োগ দেখা যায় ১৫১০ খৃষ্টাব্দে
(দ্র. SOED, Vol. I)

এক সময় সংস্কৃতির পরিবাহন প্রশ্নে পরিচয় পত্রিকা যথেষ্ট আন্দালন সৃষ্টি করেছিল। সেই থেকে সংস্কৃতি মার্কসবাদী চিন্তার আশ্রয় গ্রহণ করে। তমদ্দুন প্রশ্নও প্রায় একই সময়ে উত্থাপিত হয়। ১৩৩৯ সনে বঙ্গীয় মুসলিম সাহিত্য সম্মেলনের দান এ প্রসংগে স্মরনীয়।

পাকিস্তান সৃষ্টির প্রথমাবধিই আমরা সংস্কৃতিক সচেতন ছিলাম। তবে গত বিশবছরে পৃথিবীর সর্বত্রই সংস্কৃতির ক্ষেত্রে নানা পরিবর্তন ও নগর সংস্কৃতির প্রভাবে দ্রুত উন্নয়ন ঘটেছে। Fairbank এর ভাষণ (March 24, 1959), চার্লস মোরাসের স্বপ্ন (1905) একাকার হয়ে উঠেছে ; সাংস্কৃতিক পুনরুজ্জীবন বা সাংস্কৃতিক বিপ্লব প্রভৃতি প্রশ্ন জরুরী হয়েছে (Fairbank এর কারণ হিসাবে আমাদের মানসিক দুর্বলতাকেই নির্দেশ করেছেন ; সাংস্কৃতিক পরিবর্তন সকল ক্ষেত্রে এক বিশ্বব্যাপী মান্দ্য* সৃষ্টি করে তুলবার ছিদ্র পথ পেয়েছে ঐখানেই।)

এই ভাবেই ধারণার বিকৃতিও জন্মলাভ করে, এখন সাধারন ধারণাগুলি 'সংস্কৃতি'র বিরুদ্ধে। কারণ রাজনীতিবিদ, বুদ্ধিজীবী ও ব্যক্তিস্বার্থ চরিতার্থ জীবীগণ কোন সুস্থ ধারণাকে স্থায়ী করেনি, অথচ তবু সংস্কৃতিজগতে এদের অবস্থান অনেকটা তুনির্দিষ্ট। সংস্কৃতি সম্পর্কে সাধারণ লোকের, বিশেষ নবনাগরিকগণের চেতনা ফিরিয়ে আনা আজ সামাজিক কর্তব্য।

সংস্কৃতির এমন দুর্গতির দিনে সংস্কৃতি বিষয়ক সমস্যাদি সর্বসমক্ষে তুলে ধরার দায়িত্ব পালনে সাময়িকপত্রিকা সমূহের ভূমিকা অপরিসীম। সৎসাহসের অভাব এবং চাটুকারিতার অভ্যাসবাহুল্যে বক্তব্যের দিক থেকে বিশবছরের আলোচন একটা স্তূপে পরিণত হয়েছে মাত্র। দুএকটি বিক্ষিপ্ত রচনা এর ব্যতিক্রম হতে পারে বা। তবু সেই স্তূপরাশির ভেতর থেকে আলোচনা সমূহের একটা বৈজ্ঞানিক তালিকা প্রণয়ণ করে সংস্কৃতি বিষয়ে আমাদের উৎসাহ, সচেতনতা এবং প্রহরাগত নিষ্ঠার ইতিহাস ধরার চেষ্টা করলাম।

* ডঃ আহমদ শরীফ ঠিকই লক্ষ্য করেছেন; "কৃষ্টি-সংস্কৃতি চর্চায় এককালে আমরা ছিলাম ইরানের অনুকারী — তখন হয়েছিল, য়ুরোপীয় সভ্যতার সাধক।"
(বিচিত চিন্তা)

মুসলিম সমাজ ও মুসলিম জীবনের বিপর্যর সম্বন্ধে চিন্তা আমাদের সমাজে বহু পূর্বেই আসে এবং সম্ভবত ডঃ শহীদুল্লাহ সাহেবের প্রথম মহাযুদ্ধোত্তর কালের ভাষণগুলো এ বিষরে কিছু তথ্যের সন্ধান দেয়।

বর্তমান তালিকা যথা সম্ভব সংস্কৃতি কর্মের বৈজ্ঞানিক অনুসন্ধানের সূত্রানুযায়ী কতগুলি নির্দিষ্ট বিষয়ভাগে নির্মিত। যেমন ঃ

ক. লোক-সংস্কৃতি
খ. সংস্কৃতি
গ. ভাষা ও সাহিত্য

এ খতিয়ান আমাদের প্রাথমিক অনুসন্ধানের ফলমাত্র। অধিকাংশ প্রবন্ধ দৃষ্টির আড়ালে থেকে গেছে — কোন সচেতন ব্যক্তি অনুল্লেখিত রচনাদির সংবাদ জানিয়ে সাহায্য করলে পরিশিষ্ট রচনাকালে আলোচনার পূর্ণাঙ্গবিধানের চেষ্টায় থাকবো।

ক. লোক-সংস্কৃতি

১

সংস্কৃতি বিষয়ক সমস্যাদিতে পূর্ব পাকিস্তানের ক্ষেত্রে লোকসংস্কৃতির সমস্যা পূর্ণ উদঘাটিত নয়, ফলতঃ তার ওপর কাল্পনিক রং-এর প্রলেপ পড়েছে প্রচুর। সেই হিসাবে এ সমস্যা একধরণের রোমান্স-প্রকৃতি গ্রহণ করেছে। আমাদের সংস্কৃতিজীবিদের মননকর্মে লোক-সংস্কার ও প্রথাদি একই রকমের সমস্যার উদ্ভাবন ঘটায় না। সম্প্রতি লোক-বিজ্ঞানের আধারে (Folk-lore) লোক-সংস্কৃতির বিচার প্রচলিত হয়েছে।

লোক-সংস্কৃতি লোকজ সম্পদ ; লোকধর্ম আজো আছে কিন্তু এই সংস্কৃতি ক্রমঅপস্রিয়মান। সমাজের মূল কাঠামো এবং অর্থনৈতিক সংঘাত আজ পরস্পরের স্বাধীনতা হরণ করেছে এবং আনবিক ও সৌরক্ষমতা প্রয়োগের অবশ্যম্ভাবিতা সেই সুভদ্রাহরণের পালার প্রতিটি সূত্রকেই নিয়ন্ত্রিত করছে।

নিয়ন্ত্রণকর্ম একটি বৈজ্ঞানিক দায়িত্বমাত্র, তার কর্তব্য সীমার শেষ আছে। এজন্য হয়ত কোন কোন সমাজদ্রষ্টা ভাবছেন এই agrarian সভ্যতাই মানব-জীবনেতিহাসের মূল কথা এবং যুদ্ধ ঘটিত কোন Catastrophe বা বিপর্যয় অথবা বিশুদ্ধ সমাজের সাংস্কৃতির মান্দ্য (depression) ঘটিত সমস্যাদি বা অন্যবিধ প্রাকৃতিক কারণে সেই মূলে প্রত্যাবর্তন কখনই একটা অনিয়মিত ঘটনা হবেনা। আবার কেউ কেউ এও লক্ষ্য করছেন, যেমন Brown, H. S., — যান্ত্রিক সংস্কৃতিরও একটা মানোন্নয়ন প্রশ্ন আছে এবং তার মূলে হয়ত কোন সমাজ সত্য কাজ করছে ('an...mechanized Culture...could not have been developed without the high grade resources that are so rapidly vanishing.')।

২

লোক চেতনার সংগে সংগে Volkskunde, Popular Antiquities ও অন্যান্য প্রথানুবিদ লোক-প্রকাশ অধিকতর অনুসন্ধানের গুরুত্ব লাভ করেছে। ইংল্যাণ্ড ও আমেরিকায় এই সময় Grimm brothers, Percy, Jhon Thomas, Sternberg, Benfy প্রভৃতি নামগুলো বেরিয়ে এসেছে। ১৮৬৪ সালের দিকে একটি ক্ষেত্র-শব্দও (term) প্রচলিত হয়ে ওঠে যা পরে বিবর্তনবাদী দার্শনিক ও নৃবিজ্ঞানীদের আলোচনার ক্ষেত্রকে প্রসারিত করতে সক্ষম হয়। সেই শব্দ — Folk-lore.

লোক-বিজ্ঞান, লোকশ্রুতি এবং লোক-সংস্কৃতি — 'ফোক-লোরের' তিনটি প্রতিশব্দ ব্যবহৃত হয়েছে। প্রথম দুটি যথাক্রমে ডঃ শহীদুল্লাহ এবং ডঃ আশুতোষ ভট্টাচার্য-উদ্ভাবিত; তৃতীয়টি সম্পর্কে ডঃ আশরাফ সিদ্দিকী ভেবেছেন কিন্তু ব্যবহারিকক্ষেত্রে 'লোক-বিজ্ঞান' শব্দের উপযোগিতা তিনি কখনও বিস্মৃত হন নি।

লোক-সংস্কৃতির উপাদান সংগ্রহের ওপরই এ সংস্কৃতির পূর্ণাঙ্গ আলোচনা সম্ভব।*

৩

লোক-সংস্কৃতির উপাদান Folk-lore-এ কিছু কিছু আলোচিত হয়ে একটা ক্ষেত্র নির্মান করেছে। এই আলোচনা প্রধানতঃ উপকরণগত এবং রূপগত সীমায় আবদ্ধ। এই দুই দিক থেকে যে সমস্যা, তত্ত্ব ও লক্ষণ ধরা পড়েছে (বিদেশী লেখকগণের আলোচনা মতেও) তার একটা ধারা নির্ণয় করা যায়। এই সমস্যা ও লক্ষণ প্রধানতঃ তিন ভাগে বিভক্ত —

ক. দৈব —

খ. নৃতাত্ত্বিক

গ. ঐতিহাসিক-ভৌগোলিক

দৈব সমস্যাকে গুণগত দিক থেকে বলা হয়েছে প্রতিবিধানিক এবং তার সংযোগ-মূলক (Positive) ও বিসংযোগাত্মক (Negative) ভূমিকা বর্তমান। সংখ্যাগত

* সেই ক্ষেত্রের পথিকৃৎ বিদেশে ম্যাক্স মূলার, কক্স, কহল প্রভৃতি, এদেশে রবীন্দ্রনাথ, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, দীনেশ সেন, ডঃ শহীদুল্লাহ, দক্ষিণারঞ্জণ মিত্র মজুমদার, উপেন্দ্রকিশোর রায়চৌধুরী প্রভৃতি।

দিক থেকে তা Whites (শুভ) ও Blacks (সন্দেহাত্মক)। দৈব সমস্যার আবার উত্থান ও অবক্ষয় আছে। যে কোন বস্তুতে বস্তুধর্মের বিকল্পগুণ ও শক্তি আরোপ মানুষের একটি নৃতাত্বিক ধর্ম (Mana); এই ধর্ম পরিণত অবস্থা প্রাপ্ত হলে যে সব জটীলতা আসে (Complexes) তাই এক ধরণের অবক্ষয়।

ক্রমানুস্থতি, রূপান্তরতত্ত্ব, দেশ রীতি (Indo-Pak Style প্রভৃতি), টাবু প্রভৃতি একধরণের সমস্যা যাকে ঐতিহাসিক ভৌগলিক পর্যায়ে ফেলা যায়। অপরাপর সমস্যা যেমন Indic source, Servivality (প্রথানুস্থতি), Deviation (প্রসরণ) এমনকি Personal Complex প্রভৃতি। ভাষা ও ধ্বনিও এই পর্যায়ে আসে।

এতদ্ব্যতীত কতকগুলি ব্যবহারিক সমস্যা আছে যেগুলি সংস্কৃতির মূলাধারেরই চারপাশে অবস্থিত। — যেগুলি কখনো Motif (সাধারণ কাঠামোর পরিচিত গ্রন্থি সমূহ)-এর আকারে, কখনো Elevation (ক্রমাভাস) হিসাবে কখনো কোন agrarian fancy হিসাবে যে কোন লোক-সংস্কার ও সৃষ্টির পেছনে প্রায় জরুরী ভাবে উপস্থিত থাকে। যেমন,

১. Pangs বা বেদনা
২. Humour বা রস সংবেদন
৩. Conflict বা দ্বন্দ্ব
৪. Magic বা যাদু প্রভাব
৫. Quest বা সন্ধান
৬. Journey বা ভ্রমণ এবং যুদ্ধ ও বাণিজ্যে গমন
৭. Fairy and Devine (অরূপ সম্বাদী) এবং তৎদ্বারা পূর্ণ মিলন (Reunion)

উপরোক্ত ক — গ এই ত্রিবিধ সমস্যার দৃষ্টিকোণে এই ৭টি সংস্কারের অবস্থান গুরুত্ব ও ঐতিহাসিকতা প্রভৃতি বিচার করলে বোঝা যায় যে এতৎসক্রান্ত যাবতীয় প্রকাশ রূপই সাধারণ সমস্যা নয় — কিছু জটিল তত্ত্বেই তা ব্যাখ্যেয়।

৪

গ্রীম ব্যবহৃত পুরাণাংশে প্রথম তত্ত্ব প্রযুক্ত হয়। অর্থাৎ, গল্পাদিতে ব্যবহৃত 'Broken down-Myth' বা পুরাণাংশ থেকেই 'গ্রস্ত-মতবাদ' জন্ম নেয়। পুরাণাংশের বিশিষ্ট ব্যবহার প্রণালী Indo-European theory-র একটি প্রধান আলোচ্য

বিষয়; IE ভাষাভাষী অঞ্চলে গ্রন্থরূপে ব্যবহৃত পুরাণের ব্যবহার সমাজতাত্ত্বিক (এবং ভাষাতাত্ত্বিক) কারণ প্রসূত বলেই কল্পনা করা হয়।

মক্ষমূলার প্রদত্ত রীতিতে লোক-সংস্কৃতি বিচার পদ্ধদি প্রতিষ্ঠিত হয় জর্মনে পঞ্চতন্ত্র প্রকাশকালে (Thedore Benfy, 1859)। ভূমধ্যসাগর এবং আল্পস পর্বতীয় অঞ্চলের লোক উপাদানে পাক-ভারত-সংস্কৃতির প্রভাব প্রতিষ্ঠা থেকেই ভারত-রোমান্স (Indic Theory) জাগে। পরবর্তী কালে Andrew Lang প্রভৃতি মনীষিদের প্রভাবে এ তত্ত্বের বৈজ্ঞানিক যোগসূত্রতা অবিস্কার হয়। লোক – ব্যক্তিত্ব, রূপান্তরের পরোক্ষ-অপরোক্ষ প্রভাব, কাহিনীর ক্রমাভাস প্রভৃতি লক্ষণাদির ঐক্য ভিন্ন ভিন্ন দেশে ভিন্ন ভিন্ন লোক-মানসে একই প্রতিবিধান নির্ণয়ে সক্ষম হতে পারে একথা প্রমানিত হয়।

তারপর আসে Motif — তত্ত্ব বা উদ্দিষ্ট বিষয়াদির ব্যাকরণ। সাধারণ আকর্ষণ সমূহ যেমন তাতে উদ্ভাসিত হয় তেমনি তার দ্বারা সাধিত প্রথা ব্যবহারের সমস্যাদিরও উন্মীলন ঘটে। জর্মণ ও প্রাগই এ তত্ত্বের জন্মস্থান; গ্রীমই এর লক্ষ্য ছিল তখন পর্যন্ত। ফিনিসীয় গবেষকগণ এ তত্ত্বের ঐতিহাসিক ও ভৌগলিক পদ্ধতি (Method) প্রকাশ করেন: পাক-ভারতীর উপাদান সম্পর্কিত সিদ্ধান্তসমূহের (পলিভকার যুক্তিসমূহ তার মধ্যে অন্যতম) নবমূল্যায়ন ঘটে। এরপর এ তত্ত্বের (Motif) চরম উৎকর্ষ ঘটে Type-Index প্রণালী প্রয়োগের মাধ্যমে। ব্যক্তি প্রভাব (Complex), সমাজ বা গোষ্টিবিধান (Taboo) ও অন্যান্য শর্তাদি এ দৃষ্টি কোন থেকে আলোচনার গুরুত্ব লাভ করে।

এই সব তত্ত্বাদি থেকে জানা যায়: (১) লোক-সংস্কৃতির উপদানসমূহ অত্যন্ত জটীল প্রক্রিয়ায় ক্রমে ক্রমে জন্ম লাভ করে; (২) ব্যবসায়-বানিজ্য, সাংস্কৃতিক বিনিয়োগ, প্রান্তিয়তা প্রভৃতি সংস্কৃতির নানাবিধ অভ্যাসক্রমে এবং (৩) ভাষা, গ্রহ-নক্ষত্রের প্রভাব, পুরাণ প্রভৃতি নিয়ামক বিধি সংযোগে কতকগুলি বৈজ্ঞানিক সূত্রকে স্পষ্ট করে।*

* Popular theory, Broken-down Myth theory, Indic theory, Servival theory, Pan-babilonian theory, Motif Science, Type Index, Anthropomorphic condition প্রভৃতি নৃতাত্ত্বিক সমস্যা ও সূত্র সমূহের উদ্ভাবন তার প্রমাণ।

৫

লোক-সংস্কৃতির দুই ভাগ, Formalised এবং Material অর্থাৎ, লোক-সাহিত্য এবং লোক-শিল্পই এ যাবৎ আলোচিত হয়েছে ;* আলোচনাকে আরো একটু অগ্রগতির পর্যায়ে ভেবে দেখা যায়। লোক-সাধারণের প্রতিটি অভ্যাস এবং ব্যবহারজীবি প্রভৃতির বিশিষ্টাভ্যাসের আলোকে তা বিচার্য।

প্রাত্যাভ্যাস ও বিশিষ্টাভ্যাসে সমাজ কতকগুলি ছায়াঘটনার (Phenomena) জন্ম দেয়—যার উদ্ভব, ক্রমবিকাশ, প্রকরণ, স্থান, সংস্কৃতি-ধর্ম প্রভাব এবং আনুষঙ্গিক তত্ত্বাদি, লোকযুক্তি ও অন্যান্য অনুপূর্বিক বিশ্লেষণাদি একটি আধুনিক বিদ্যায় (Discipline) পঠনপাঠন রূপে গ্রাহ্য হতে পারে। সেই লোক-বিদ্যায় প্রধান দুই শাখা অবশ্যই উক্ত কারণে প্রাত্যাভ্যাসিক ও বিশিষ্টাভ্যাসিক। প্রাত্যাভ্যাসিক ও বিশিষ্টাভ্যাসিক আবার অতীত ও পরাতীত — দুই ভাবে সমস্যা গঠন করে।

অতীত প্রাত্যাভ্যাসিকের উদাহরণ : যাদু অভ্যাস ; সুর, নৃত্য ও অন্যান্য আদিম কলা ও শিল্প ; ছড়া প্রভৃতি মৌখিকাভ্যাস ও খেলা, প্রভৃতি ; স্থান, ব্যক্তি, ঘটনা, প্রকৃতি ইত্যাদির নামকরণ ; প্রেম, বাণিজ্য প্রভৃতি।

পরাতীত প্রাত্যাভাসিকের উদাহরণ : সম্প্রদায়-সংস্কৃতি (বাউল, ফকির, কবি সংস্কৃতি) ; সংস্কার, বিশ্বাস, অবিশ্বাস ; পীর ও দরগা প্রভাব প্রভৃতি।

অতীত বিশিষ্টাভ্যাসিক : যুদ্ধ ; পর্ব ; বাইচ; দৌড় প্রভৃতি ; বিবাহ প্রভৃতি অনুষ্ঠান ; ভাদু, রংপাচালি, আলকাপ প্রভৃতি প্রথা ; পাশা, বয়ণ, বাদ্য প্রভৃতি।

পরা তীত বিশিষ্টাভ্যাসিক : পটুয়া, বৈদ্য প্রভৃতি ব্যবহার নিমিত্ত সৃষ্ট উপদান ও উপকরণ প্রভৃতি—অর্থাৎ, উপযোগমূলক যে কোন ব্যবহারিক ও বাস্তব শিল্প। পটশিল্প, পাঁচলির উপাদান, ভজনাদির উপকরণ, বৈদ্যাস্ত্র ও মন্ত্রোপকরণ, বিগ্রহাদি, শিল্প, গ্রন্থোপকরণ ও লিপ্যাদি, এমন কি জীবিকানিমিত্ত যে কোন অভ্যাস ও উপকরণও এ পর্যায়ের অন্তর্ভুক্ত।

৬

আলোচ্য খতিয়ানের গুরুত্ব লোক-সংস্কৃতি বিচারের প্রেক্ষিৎ এবং একটি মননকালের বিশিষ্টতায়। মননকর্মের সুবিধা অসুবিধা ক্ষেত্র তাৎপর্য ও সম্ভাবনা

* দ্রঃ লোক-সাহিত্য : ডঃ আশরাফ সিদ্দিকী

প্রশ্নাদি বিচার এ প্রসঙ্গেই যুক্ত। প্রয়োগমূলক মননকর্মে বিধৃত প্রতিটি দিককে যথাসম্ভব তুলে ধরার চেষ্টা করেছি; লোক-সংস্কৃতির যাবতীয় তত্ত্ব ও সমস্যাদির এলাকায় তাই আমাদের একটা সীমা নির্দেশ করতে হয়েছে সকল সময় (বলা নিষ্প্রয়োজন, এ খতিয়ান এইসব সীমাবদ্ধতায় একটি স্বাধীন কর্ম নয়)।

খতিয়ানের জন্য বিস্তৃত স্থান (Space) অপব্যয়ের বিলাসিতা কোন পত্র পত্রিকারই নেই, সে জন্য তার বিকল্প আমাদের ভাবতে হয়েছে। দ্বিতীয়তঃ, প্রাপ্ত আলোচনাদি শ্রেণীকরণ প্রভৃতির দিক থেকে প্রায়শঃ জটীলতা সৃষ্টি করেছে কারণ বহু রচনাই কোন সামগ্রিক তথ্য পরিবেশনের দায়িত্ব এড়িয়ে গেছে। তৃতীয়তঃ, লেখক লেখা ও পত্রিকার কাল প্রভৃতি নির্দেশের ক্ষেত্রে ভিন্ন ভিন্ন প্রণালী গ্রহণ করে থাকে ফলে একটি বিচ্ছিন্ন প্রবন্ধ বা সূচীছিন্ন কোন পত্রিকা হাতে পেয়েও প্রায়শঃ তাদের উল্লেখে অনুমানের অশ্রয় নিতে হয়েছে অথবা প্রশ্ন। সর্বোপরি, বহু সমস্যাই এখনও পর্যন্ত নির্দেশিত হয়নি বিধায় উৎপন্ন নানা অসুবিধায় আমাদের খতিয়ান পক্ষাঘাতগ্রস্ত থেকে গেছে; আগামী দশকে হয়ত তার আরোগ্য নিকেতন গড়ে উঠবে।

প্রসঙ্গত উল্লেখ করা প্রয়োজন যে, Pearson সাহেব খতিয়ান নির্মাণের যে বৈজ্ঞানিক রীতি (*Index-Islamicus*; Cambridge, 1958) উদ্ভাবন করেন আমরা বহুস্থানে সেই রীতি অনুসরণ করেছি; কিন্তু বাধ্যগত কারণে এবং ক্ষেত্র সীমা নির্দেশের উদ্দেশ্যগত কারণেও ব্যাপকতা আনতে সক্ষম হইনি। সাধারণ পাঠকের কাছে এ ত্রুটি অবশ্য মার্জনীয় হবে আশা রাখি।

এ খতিয়ানে যেমন বিষয়ের ওপর, তেমন অঞ্চলের ওপর (অঞ্চল অর্থে জেলাই বুঝিয়েছি) জোর দিয়েছি। সুতরাং, যে কোন বিষয়-নামের আদ্য বর্ণের সূত্র ধরে বা যে কোন জেলা নামের আদ্য বর্ণ ধরে সংবাদাদি আহরণ করা যাবে। যে সব বিষয়ে বা যে সব অঞ্চলের উল্লেখ পাওয়া যাবে না, বুঝতে হবে সেগুলি সম্পর্কে তথ্য আমি পাই নি। পাণ্ডুলিপির অনুলেখকগণও আমার নোট বুঝতে না পেরে অনেক ক্ষেত্রে কিছু জিনিষ এধার ওধার করেছেন বা শুদ্ধ ভেবে ভুল টুকেছেন — সেগুলোর সংস্কার বা পুনরুদ্ধার এখন আর সম্ভব নয়। তবে এ ত্রুটি এড়াবার যথাসাধ্য চেষ্টা করেছি।

৭

সংকেত ঃ

ক. একই নামের বিভিন্ন বানান স্বভাবতই ভিন্ন ব্যক্তিকে চিহ্নিত করার অপেক্ষা রাখে। যথাসম্ভব এই বিপত্তি এড়াবার জন্য অধ্যাপক মুহম্মদ মনসুরউদ্দীন (=মনসুরউদ্দীন), অধ্যাপক মুহম্মদ আবু তালিব বা আবূ তালিব (=অধ্যাপক আবু তালিব), সিরাজউদ্দীন কাশিমপুরী বা কাসিমপুরী (=সিরাজউদ্দীন কাসিমপুরী) মোহাম্মদ মতিউর রহমান বসুনিয়া (=মতিউর রহমান বসুনিয়া) এবং প্রফেসর মুহম্মদ আবদুল হাই (=প্রফেসর আবদুল হাই) প্রভৃতি নামের সংক্ষেপতা গ্রহণ করেছি।

খ. আমাদের সমগ্র পরিকল্পনায় দৈনিক পত্রিকাদি গ্রহণের সীমাবদ্ধতা পালন করেছি। লোক-সংস্কৃতির খতিয়ান সম্পূর্ণ হয়না (cover) বিধায় কয়েকজন লেখককে অনুসরণের ফলে কয়েটি দৈনিকের আশ্রয় অবশ্যম্ভাবী হয়েছে। সে ক্ষেত্রে আমরা টীকার জন্য ব্যবহৃত চিহ্নের মত সংকেত দিয়েছি। তার অর্থ—

১ = দৈনিক আজাদ
২ = দৈনিক সংবাদ
৩ = দৈনিক ইত্তেফাক
৪ = দৈনিক ইত্তেহাদ
৫ = দৈনিক পয়গাম
৬ = দৈনিক মিল্লাত
৭ = দৈনিক পাকিস্তান

গ. মাসিক মোহাম্মদী = মোহাম্মদী। বাঙলা একাডেমী পত্রিকা=বা. এ. প.

ঘ. বর্ষ মাস ও সংখ্যা এই ভাবে চিহ্নিত হয়েছে, যথা,—
১·১ বৈ = প্রথম বর্ষ, প্রথম সংখ্যা বৈশাখ
১·১—৩ বৈ—আ =প্রথম বর্ষ, প্রথম-দ্বিতীয়-তৃতীয় সংখ্যা, বৈশাখ, জ্যৈষ্ঠ, আষাঢ়
১·১/৩ = প্রথম বর্ষ. প্রথম ও তৃতীয় সংখ্যা, প্রভৃতি ॥

ঙ. যে সমস্ত আলোচনা বর্তমান খতিয়ানকে পূর্ণাঙ্গ দেবে মান করছি সেগুলি বহির্গত আলোচনা সত্বেও পরিশিষ্টে (লোক-সংস্কৃতি অংশে) সংযোজিত করেছি।

খতিয়ান—ক

(বর্ণ এবং বিষয়ানুক্রমে)

অতি সাম্প্রতিক ছড়া—আতোয়ার রহমান।[১] দ্র· ছড়া।

অময়া পাষাণ—রওশন ইজদানী। মাহেনও ২'১০ মাঘ, ১৩৫৭ ; জানুয়ারী, ১৯৫১।

আজাদ কাশ্মীরের লোকগীতি—সলিম খান গিম্মী। মাহেনও ১৭'৩ জ্যৈষ্ঠ, ১৩৭২ ; মে, ১৯৬৫।

আদম খাঁর গীত—চৌধুরী গোলাম আকবর। মোহাম্মদী ৩০'১।২।৩।৪ কা'-মা। ১৩৬৫।

আধুনিক সাহিত্যের উপর লোক সাহিত্যের প্রভাব—আবদুল মুহাব্বির জায়গীরদার আল্ ইসলাহ, কার্তিক ১৩৭০।

আব্বাসউদ্দীন—দ্র· পরিশিষ্ট।

আমাদের পল্লী সাহিত্য—রওশন ইজদানী। মোহাম্মদী ৩১'১২ আশ্বিন ১৩৬৭।

আমাদের পল্লী সাহিত্য—এম· তোরাব আলী। সওগাত ৪৯ (ক) '৮ আষাঢ় ১৩৭৪।

আমাদের পল্লি সাহিত্যের একদিক—মোহাম্মদ আজিজুল হক চৌধুরী।[৩] দ্র· লোক-সংগীত (১৫)।

আমাদের লোকগীতি—জসীমউদ্দীন।[৩] দ্র· 'লোক গীতি ইত্যাদি।'

আমাদের লোকগীতি—আশকার ইবনে শাইখ। পাকিস্তানী খবর ঈদ ১৯৫৬।

আমাদের লোকগীতির একদিক—আশকার ইবনে শাইখ। মোহাম্মদী ২৮'২২ আশ্বিন ১৩৬৪।

আমাদের লোক শিল্পের রূপকথা—অধ্যক্ষ তোফায়েল আহমদ। মাহেনও ১৭'১২ চৈত্র ১৩৭২ মার্চ ১৯৬৬।

আমাদের লোক সঙ্গীত সাধনা—মনসুরউদ্দীন। সমকাল ৩'৩ | ১২ কা | শ্রা· ১৩৬৭।

আমাদের লোক সাহিত্য—আবদুল করীম।[১] ভাদ্র, ২৩ ১৩৬৯ (আজাদ)।

আমাদের লোক সাহিত্যর একদিক—গোলাম কাদির, মোহাম্মদী ৩০'২ অগ্রহায়ণ ১৩৬৫।

আমাদের লোক সাহিত্যর একদিক—মোহাম্মদ আবদুল আজিজ, মোহাম্মদী ৩০'৭ বৈশাখ, ১৩৬৬।

ইউরোপীয় লোক কাহিনীর আফ্রিকান ও আমেরিকান ইণ্ডিয়ান পাঠান্তর—

ডঃ মযহারুল ইসলাম। সাহিত্যিকী ৫'১ শরৎ, ১৩৭৪।

উত্তর বঙ্গ ঃ

১৩৬৩ ঃ পৌষ | তসাদ্দক হোসেন — দুটি সংগৃহীত গীতি | দিলরুবা ৯ ৯।

ফাল্গুন, ১৯ | শফিউদ্দিন আহমেদ — উত্তর বঙ্গের পল্লীগীতি।[৩]

১৩৬৪ ঃ ভাদ্র, ৮ | ঐ — উত্তর বঙ্গের মেয়েলী সংগীত।[৩]

চৈত্র, ২ | ঐ — লোক সাহিত্যে বন্দনা গীতি।[৩]

১৩৬৫ ঃ বৈশাখ | মতিউর রহমান বসুনিয়া — উত্তর বাঙ্গলার পল্লীগীতি। দিলরুবা ১১·১।

শ্রাবণ, ৩২ | অধ্যাপক আবু তালিব—উত্তর বাংলার লোক গীতিনাট্য ও মোনাইযাত্রার কথা।[১]

অগ্রহায়ণ, ২১ | শ্রীশ্যামাপদ বর্মণ — উত্তর বাংলার প্রচলিত ছড়া, গীতি ও হেঁয়ালি।[৩]

১৩৬৬ ঃ আষাঢ়,২০ | শফিউদ্দিন আহমদ—লোক সাহিত্যে আধ্যাত্মিকতা।[২]

ভাদ্র. ২৪ | শেখ আবুবকর ছিদ্দিক—উত্তর বঙ্গে মালসা গান।[৩]

আশ্বিন, ১৮ | শফিউদ্দিন আহমদ — ছেলেভুলানো ছড়া।[২]

অগ্রহায়ণ | মতিউর রহমান বসুনিয়া—উত্তর বাঙ্গলার ছড়া। দিলরুবা ১২·৮।

মাঘ, ১৭ | শ্রীশ্যামাপদ বর্মন — উত্তর বঙ্গের কবি বছিরুদ্দিন।[৩]

— | আবুল হায়াত — বরেন্দ্রভূমির লোক সংগীত। ?

১৩৬৭ ঃ আশ্বিন | আবদুল হামিদ—পূর্ব পাকিস্তানের উত্তরাঞ্চলের লোকসঙ্গীত।[৩]

১৩৬৮ ঃ ফাল্গুন, ২৭ | আলমগীর জলীল — উত্তর বঙ্গে জাগের গান।[৩]

পৌ-ফা | মোহাম্মদ আবদুল করীম—উত্তর বাঙলার সঙ্গীতে মুসলিম অবদান। দিলরুবা ১৪·৯।

১৩৬৯ ঃ বৈ-আ | হাসান হাফিজুর রহমান—মেয়েলী গীত। বা· এ· প· ৬·১।

১৩৭০ ঃ মাঘ, ১৯/২৬। আলমগীর জলীল — উত্তর বঙ্গের লোক বাদ্য-যন্ত্র।[৩]

উত্তর বাঙ্গলার গেঁয়ো ছড়া—মতিউর রহমান বসুনিয়া। দিলরুবা ১২·৮ অগ্রহায়ণ ১৩৬৬।

উত্তর বাঙ্গলার পল্লীগীতি— ঐ — । দিলরুবা ১১·১ বৈশাখ ১৩৬৫।

উত্তর বাঙলায় সঙ্গীতে মুসলিম অবদান—মোহাম্মদ আবদুল করীম। দিলরুবা ১৪·৯। পৌ—ফা ১৩৬৮।

উপজাতীয় ছড়া—আবদুস সাত্তার। পূবালী ১·৯ জ্যৈষ্ঠ ১৩৬৮।

উনিশ শতকের যশোর খুলনার পল্লীকবি—অধ্যাপক আবু তালিব। মোহাম্মদী ২৫·৯। আষাঢ় ১৩৬১।

একটি লোক কাহিনীর পাঠ পর্যালোচনা—ডঃ মমহারুল ইসলাম। সাহিত্য পত্রিকা ১০·২। শীত, ১৩৭৩।

এদেশের পল্লী গীতি—মতিউর রহমান বসুনিয়া। দিলরুবা ১৩·৬ আশ্বিন ১৩৬৭।

ঐতিহাসিক লোক কাব্য — আতোয়ার রহমান। পূবালী, ২'১ আশ্বিন ১৩৬৯।

ওতলা সুন্দরীর পালা—দ্রঃ পালাগীত (১৩৫৮)।

কথ্য শিল্প—মূল· উইলিয়ামস আর· বেসকম।
অনু· মীর আবু সালেক। বা· এ· প· ৭·২ শ্রা—আ· ১৩৬৯।

কবি—দ্রঃ লোক কবি।

'কবি গান'—দ্রঃ লোক সংগীত।

কবি গান — অবুল হাসনাত। বা· এ· প· ১১'৩ (১৩৭৪)

কবি গান— মনসুরউদ্দীন। মাহেনও ১৪'২ জ্যৈষ্ঠ ১৩৬৯; (মে ১৯৬২)।

কবি ছহিফা বিবি— মনসুরউদ্দীন। মোহাম্মদী ২৫'৯ আষাঢ় ১৩৬২।

কবি পাগলা কানাই* — দ্র· লোক কবি।

কবিয়াল — দ্র· লোক সংগীত (কবিগান)।

কবিয়াল আকিলুদ্দীন—সিরাজুল হক। মোহাম্মদী ২৫'৫ মাঘ ১৩৬১।

কয়েকটি পল্লী গীতি— সিরাজউদ্দীন কাসিমপুরী। মোহাম্মদী ২৯'৪ মাঘ ১৩৬৫।

কয়েকটি পল্লী গ্রাম্য গল্প — অধ্যাপক আবু তালিব। দিলরুবা ৩'৭ কার্তিক ১৩৫৭।

কয়েকটি পল্লী সংগীত — [?] মোহম্মদী ২২'২ অগ্রহায়ণ ১৩৫৮।

কয়েকটি মুর্শীদী গান — (সংগ্রহ) — চৌধুরী ওসমান। দিলরুবা ৩'২ জ্যৈষ্ঠ, ১৩৫৭।

কয়েকটি মুসলমানী ছড়া — মবজুলুস হোসেন। দিলরুবা ২'১ বৈশাখ ১৩৫৬।

কেচ্ছা — দ্র· লোক কাহিনী ঃ গল্পকথা।

কোকিলা কন্যার বারমাসী — মাহমুদ লস্কর। মোহাম্মদী ৩২'১ কার্তিক ১৩৬৯।

কুড়িয়ে পেলাম মানিক রতন — সুবোধ রাম আসাম। দ্র· ছড়া।

* কবি কানাই সম্পর্কে ড· মংহারুল ইসলামের প্রথম আলোচনা : 'কবি পাগলা কানাই' আজাদ, ১৫ই চৈত্র, ১৩৫৯ সংখ্যায় প্রকাশিত হয়। মাহেনও (আশ্বিন, ১৩৬১) পত্রিকায়ও পরে তিনি এ গানের স্বরূপ ও তত্ত্ব ব্যাখ্যা করেন। অধ্যাপক আবু তালিবের রচনা পাচ্ছি — আজাদ ৮ই ফাল্গুন ১৩৬১তে ; মনসুরউদ্দীনের সংগ্রহ (বা· এ· প· ১·১/২ সংখ্যা দ্র·) একত্র প্রকাশের পূর্বে তিনি চৈত্র ১৩৬২ তে মোহাম্মদী পত্রিকায়ও আলোচনা প্রকাশ করেন। মুনীর চৌধুরী মূলতঃ ডঃ ইসলামের আলোচনার মূল্যায়ণ করেলেও তাঁর রচনাটি গবেষণার মূল্য রাখে (সাহিত্য পত্রিকায় ৩'১ দ্র·)।

খাদ্য লোভী ফাঁকিবাজ ও তাঁর শাস্তি — ডঃ মযহারুল ইসলাম।
সাহিত্য পত্রিকা ৯'২ শীত ১৩৭২।

গল্পের জন্মান্তর—ডক্টর শহীদুল্লাহ। বা. এ. প. ২.১ (১৩৬৫)।
গল্পের রূপান্তর —ডক্টর শহীদুল্লাহ। সমকাল জ্যৈষ্ঠ ১৩৬৬/প্রবাসী (১৯৫৮)।
গাইনের গীত — 'ময়মনসিংহ', ১৩৫৭ (আষাঢ়) দ্র.
গাজীর গান — জাহিদুল হুসাইন। মোহাম্মদী ৩১'১২ আশ্বিন ১৩৬৮।
গারো, গাড়ু গান — দ্র, লোক সংগীত।
গা'যী সাহেব ও গা'যীর গীত — অধ্যাপক আবু তালিব। দিলরুবা ৪'৪।৫ .
শ্রাবণ। ভাদ্র ১৩৫৮।
গ্রাম বাংলার ছড়া — বল্লভ চন্দ্র দাশ। মালঞ্চ (সাদৎ কলেজ বার্ষিকী) ১৩৬৮।
গ্রাম দেবতা ঃ ষষ্ঠী — ডঃ মুখলেসুর রহমান। সাহিত্যিকী ৫'১ শরৎ ১৩৭৪।
গ্রাম্য ছড়ায় পূর্বরাগ ও তার সাধারণ পরিণতি — আবদুল গফুর। চট্টগ্রাম কলেজ
বার্ষিকী—১৯৫৪ ?
গ্রাম্য ছেলেমেয়েদের গান ও ছড়া — মোহাম্মদ হানিফ পাঠন। মোহাম্মদী ২৭'১২
আশ্বিন, ১৩৬৪।
গ্রাম্য শিমাশা — রওশন ইজদানী। মোহাম্মদী ২৯'১।৩ কার্তিক। পৌষ ১৩৬৪।

চট্টগ্রাম *

১৩৫৭ : । আবদুস সালাম — চট্টগ্রামের ছড়া। প্রাচী (চট্টগ্রাম)।
১৩৬২ : বৈশাখ, ১৭ | সিরাজুল ইসলাম —কবিয়াল রমেশ শীল।[২]
১৩৬৩ : আষাঢ় | অধ্যাপক শিবপ্রসন্ন লাহিড়ী—চট্টগ্রামের কয়েকটি ছড়া।
মোহাম্মদী ২৮'৯।
ভাদ্র | ঐ — চট্টগ্রামের বচন ও প্রবচন। ঐ ২৮'১১।

* চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম একত্রে ধরা হয়েছে ; 'উপজাতি' বিষয়ে খতিয়ানের জন্য 'পরিশিষ্ট' দ্রষ্টব্য।
চট্টগ্রামের লোক সাহিত্যের ওপর প্রথম আলোচনা করেন, অধ্যাপক শিবপ্রসন্ন লাহিড়ীরও আগে, জনাব আবদুস সালাম।

১৩৬৫ : আশ্বিন, ৪ | সুভাস মুখোপাধ্যায়—কবিয়াল রমেশ শীল [২] ।

১৩৬৬ আষাঢ়, ২০ | হুমায়ুন কবির চৌধুরী—গ্রাম্য গাথা গান ছড়া।'

কার্তিক, ১৯ | এম. এ. মহি—লীলাময়ী চট্টল।[২]

১৩৬৭ পৌষ, ১৭ | সুবোধ রাম আসাম—রাঙ্গামাটির প্রচলিত ছড়া।'

১৩৬৮ জ্যৈষ্ঠ | আবদুস সাত্তার—উপজাতীয় ছড়া। পূবালী ১'৯।

পৌষ,৮ | রফিউল আনোয়ার—লোক সাহিত্যে চট্টগ্রামের মেয়েলী গান।[৩]

চৈত্র | আতোয়ার রহমান—চট্টগ্রামের কয়েকটি বারোমাসী। পূবালী।

১৩৬৯ জ্যৈষ্ঠ | কামাল উদ্দনি—চট্টগ্রামের ছড়া ও বচন বৈশিষ্ট্য। সওগাত ৪৪'৭।

মাঘ, ৬
চৈত্র, ৩ } পূর্ণেন্দু দস্তিদার=লোক কবি রমেশ শীল।[২]

১৩৭০ জ্যৈষ্ঠ | আবুল কালাম ইলিয়াস—সন্দীপের লোক গীতি। সওগাত

,,—৩ | ঐ — সন্দীপের পল্লী গীতি।[১]

আশ্বিন | আবুল ফতেহ মুহম্মদ এজহারুল ফয়েজ—চট্টগ্রামের পল্লীগীতি মাহেনও।

মাঘ | অতোয়ার রহমান — চট্টগ্রামের ধাঁধা। সওগাত ৪৫'৩।

চৈত্র | ঐ — চট্টগ্রামের ছড়া। মাহেনও ১৫'১২।

১৩৭১ : ফাল্গুন ১৮/১৯ | শরীফ রাজা —চট্টগ্রামের বিয়ে শাদী। (দৈনিক আজাদী, চট্টগ্রাম)।

১৩৭২ : ফাল্গুন ১৫ | *

১৩৭৩ : পৌষ | কবির আহমদ — চট্টগ্রামী বাংলার আঞ্চলিক তথ্য। সওগাত ৪৮'২।

চৈত্র ৩০ | নির্মল সেন — কবিয়াল রমেশ শীল।[৭]

১৩৭৪ : বৈশাখ, ২০ | সৈয়াদ মুর্তজা—আলী কবিয়াল রমেশ শীল।[৭]

মাঘ | অধ্যাপক অ. শ. ম. বাবর আলী — চট্টগ্রাম জেলার প্রচলিত প্রবাদ ও ছড়া। সওগাত ৫০০৩।

| তৈয়বা বেগম — চট্টগ্রামের প্রবচন। প্রতীতি (১৯৬৭)।

* 'চট্টগ্রামের লোক সাহিত্য সম্পর্কে দুইটি সদ্য প্রকাশিত পুস্তক'। আজাদী ১৫ই ফাল্গুন, ১৩৭২। (পুস্তক সমালোচনা) সমালোচকের নাম নেই।

চট্টগ্রাম জেলার প্রচলিত প্রবাদ ও ছড়া—অধ্যাপক আ. শ. ম. বাবর আলী। সওগাত ৫০'৩ মাঘ ১৩৭৪।

চট্টগ্রামের কয়েকটি ছড়া—অধ্যাপক শিবপ্রসন্ন লাহিড়ী। মোহাম্মদী ২৮'৯ আষাঢ়, ১৩৬৩।

চট্টগ্রামের কয়েকটি বারোমাসী—আতোয়ার রহমান। পূবালী চৈত্র ১৩৬৮।

চট্টগ্রামের ছড়া—আতোয়ার রহমান। মাহেনও ১৫'১২ চৈত্র ১৩৭০।

চট্টগ্রামের ছড়া—আবদুস সালাম। প্রাচী (চট্টগ্রাম) ১৩৫৭।

চট্টগ্রামের ছড়া ও বচনবৈশিষ্ট্য—কামালউদ্দিন। সওগাত ৪৪'৭ জ্যৈষ্ঠ ১৩৬৯।

চট্টগ্রামের ধাঁধা—আতোয়ার রহমান। সওগাত ৪৫'৩ মাঘ ১৩৭০।

চট্টগ্রামের পল্লীগীতি—আবুল ফতেহ, মুহম্মদ এজহারুল ফয়েজ। মাহেনও আশ্বিন ১৩৭০।

চট্টগ্রামের প্রবচন—তৈয়বা বেগম। প্রতীতি ১৯৬৭।

চট্টগ্রামের বচন প্রবচন—অধ্যাপক শিবপ্রসন্ন লাহিড়ী। মোহাম্মদী ২৭'১১ ভাদ্র ১৩৬৩।

চট্টগ্রামের বিয়ে শাদী — শরীফ রানা। দ্র. চট্টগ্রাম (ফাল্গুন ১৩৭১)

চট্টগ্রামী বাংলার আঞ্চলিক তথ্য—কবির আহমদ। সওগাত ৪৮'২ পৌষ ১৩৭৩।*

চব্বিশ পরগণার কয়েকটি লোকসঙ্গীত—এ. কে. এম. হাসানউজ্জামান। প্রবাসী ১৩৬৩, পৃঃ ৭৩১।

চলতি ভাষায় পুথি—দ্রঃ পুথি (পরিশিষ্ট)।

চীনের লোক গীতি ও নৃত্য—রেবেকা খানম, ইডেন কলেজ বার্ষিকী ।?।

ছইফা সুন্দরীর গীত [পালাগান সংগ্রহ]—চৌধুর গোলাম আকবর, মোহাম্মদী ৩২'৯ আষাঢ় ১৩৬৯। দ্রঃ কবি ছহিফা বিবি।

ছড়ার কথা —

১৩৫৬ : বৈশাখ। মবজুলুস হোসেন— কয়েকটি মুসলমানী ছড়া। দিলরুবা ২'৯।
কার্তিক। অধ্যাপক আবু তালিব—বাঙালীর বাহন। দিলরুবা ২'৭।
১৩৫৭ : ? । আবদুস সালাম—চট্টগ্রামের ছড়া। প্রাচী।
অগ্রহায়ণ ?। বাঙলা ছড়ার কথা। দিলরুবা ৩'৮।
১৩৫৮ : মাঘ, ১৩ । কাজী হাসান ইমাম—পল্লী শিশু সাহিত্য।[১]
১৩৬৩ : আষাঢ় । অধ্যাপক শিবপ্রসন্ন লাহিড়ী—চট্টগ্রামের কয়েকটি ছড়া। মোহাম্মাদী ২৬'১০।

* চট্টগ্রামের লোক সাহিত্য সম্পর্কে দুইটি সদ্য প্রকাশিত পুস্তক। আজাদী ১৫ই ফাল্গুন ১৩৭২। (পুস্তক সমালোচনা, সমালোচকের নাম নেই)

১৩৬৪ : শ্রাবণ — মোঃ হানিফ পাঠান—গ্রাম্য ছেলেমেয়েদের গান ও ছড়া।
মোহাম্মদী ২৭·১১।
অধ্যাপক নুরুল মোমেন—পূর্ব পাকিস্তানের লোকগীতি।
ঢাকা জগন্নাথ হল বার্ষিকী। ?

১৩৬৫ : শ্রাবণ, ২৫ | আখতার উল-আলম—গাঁওয়ালী ছড়ায় বর্ষা। [১]
আশ্বিন, ১৮ | শফিউদ্দীন আহমদ—ছেলে ভুলানো ছড়া।[২]
কার্তিক, ২৩।৩০ | মাহবুবুর রহমান তালুকদার— ময়মনসিংহের লোক-সাহিত্যে ছোটদের জন্য ছড়া।[৩]
অগ্রহায়ণ, ২১ | শ্রীশ্যামাপদ বর্মণ—উত্তর বাঙ্গলার প্রচলিত ছড়া, গীতি ও হেঁয়ালী।[৩]
মাঘ, ২৫ | বীরেন্দ্র কিশোর শীল মজুমদার—ত্রিপুরায় মধ্যাঞ্চলের ছড়া ও গাথা।[৩]

১৩৬৬ : আষাঢ়, ২০ | হুমায়ুন কবির চৌধুরী—গ্রাম্য গাথা গান ছড়া।[১]
শ্রাবণ, ২৮ | রওশন ইজদানী—পাড়া গাঁয়ের ছড়া।[১]
ভাদ্র, ১৪ | মীর আবুল—বাংলা ছড়ার একদিক।[৩]
আশ্বিন, ১০ | শ্রীসুনীলবরণ দে—মোমেনশাহীর মেয়েলী ছড়া ও গান।[১]
কার্তিক | রওশন ইজদানী—পাড়া গাঁয়ের ছড়া। মাহেনও।
অগ্রহায়ণ | মতিউর রহমান বসুনিয়া—উত্তর বাঙলার গেঁয়োছড়া।
দিলরুবা ১২·৮।

১৩৬৭ : ভাদ্র | হুমায়ুন কবীর চৌধুরী বি.এ,—ছড়ার ভাব বৈচিত্র্য।
পাক সমাচার ১৪ই আগষ্ট ১৯৫৯।
পৌষ ১৭ | সুবোধরাম আসাম | রাঙ্গামাটির ছড়া।[১]
বেগম জাহানারা মিনা—দিনাজপুর জেলার ছড়া।[১]
আমিনুল ইসলাম—নোয়াখালির দক্ষিণ অঞ্চলের গ্রাম্য ছড়া।[১]
,, —৫ | অধ্যাপক হারুনুর রশীদ —উত্তর খুলনার ছড়া।[৩]
মাঘ, ১৫ | অধ্যাপক বিষ্ণুপদ ভট্টাচার্য—ছড়া।[১]
চৈত্র, ৯ | চৌধুরী গোলাম আকবর—লোকসাহিত্যে ছড়া।[১]
,, | সরদার ফজলুল করিম—ছড়া প্রসঙ্গে। পরিক্রম।
পরিমল— বসু ও নাছির উদ্দীন—ছড়াঃ প্রবাহ ঃ ধাঁধা।
কমার্স কলেজ বার্ষিকী (কর্ণফুলী)।
| হুমায়ুন ফারুক—লোকসাহিত্যে ছড়া। হরগঙ্গা কলেজ বার্ষিকী।

১৩৬৮ : বৈশাখ ,২৪ | চৌধুরী গোলাম আকবর — রাখালের ছড়া।[১]

জ্যৈষ্ঠ | আবদুস সাত্তার — উপজাতীয় ছড়া। পূবালী ১'৯।

,, | আতোয়ার রহমান—বাংলা দেশের গ্রাম্য ছড়া।

লেখক সংঘ পত্রিকা।

আশ্বিন, ২৮ | শেখ আবুবকর সিদ্দিক—পল্লী সাহিত্যের কয়েকটি ধারা।[৩]

বর্ষা | আশুতোষ ভট্টাচার্য — রবীন্দ্রনাথের ছড়ার সংগ্রহ।

সাহিত্য পত্রিকা ৫'১ বর্ষা ১৩৬৮।

পৌষ | মিহির দত্ত — বরিশালের প্রচলিত ছড়া দ্রঃ

,, | সঞ্জয় বড়ুয়া — বরিশাল দ্রঃ

মাঘ | মোঃ নাফিউদ্দিন — ফরিদপুর দ্রঃ

১৩৬৯ : জ্যৈষ্ঠ | কামালউদ্দিন — চট্টগ্রামের ছড়া ও বচন বৈশিষ্ট্য দ্রঃ

ভাদ্র | আমিনুল হক — রাজশাহী দ্রঃ

— | বোরহান উদ্দিন খান জাহাঙ্গীর—লোক সাহিত্যে ছড়া।

বা. এ. প. ৬'৩।

১৩৭০-কার্তিক ১৬/২৩/৩০ | আলমগীর জলীল | ছড়া সাহিত্যের ভূমিকা।[৩]

অগ্রহায়ণ | চৌধুরী গোলাম আকবর—বিয়ে বাড়ীর ছড়া। আল্ ইসলাহ।

চৈত্র | আতোয়ার রহমান—চট্টগ্রামের ছড়া। মাহেনও ১৫'১২।

,, | আলমগীর জলীল — রাজশাহী দ্রঃ

১৩৭১ : ভাদ্র | আবদুর রহমান খান—লোক সাহিত্যে ছড়া। সওগাত ৪৭'১০।

মাঘ ১৯ | আতোয়ার রহমান—অতি সাম্প্রতিক ছড়া।[১]

১৩৭৪ : আষাঢ় | অধ্যাপক আ. শ. ম. বাবর আলী — যশোরে প্রচলিত প্রবাদ ও ছড়া। সওগাত ৪৯ (ক)'৮।

মাঘ | অধ্যাপক আ. শ. ম. বাবর আলী — চট্টগ্রাম জেলার প্রচলিত প্রবাদ ও ছড়া। সওগাত ৫০'৩।

১৩৭৫ — | মুহম্মদ আসাদ্দর আলী — সিলেট জেলার লোক-সাহিত্যে ছড়ার জগৎ। জালালাবাদ, ৫ম বর্ষ ক্রমশঃ প্রকাশিত।

ছড়া : প্রবাহ : ধাঁ — পরিমল বসু ও নাছিরউদ্দিন।

কমার্স কলেজ বার্ষিকী (কর্ণফুলী) ১৯৬০-৬১।

ছড়া প্রসঙ্গে — সরদার ফজলুল করিম, পরিক্রম ··· চৈত্র ১৩৬৯।

জহির বয়াতির কবিতা — ডঃ গোলাম সাকলায়েন। বা. এ. প. ১'১ পৌষ ১৩৬৩।

জাতীয় জীবনে লোক সাহিত্যের মূল্য—ডঃ আহমদ শরীফ। সমকাল ১'১১/১২ ফা/চৈ-১৩৬৪।

জারি গান —ডঃ গোলাম সাকলায়েন। মাহেনও ১৫'১ বৈশাখ ১৩৭০।

জারি গান ঃ পাক বাংলার পল্লী সংগীত — অধ্যাপক আবু তালিব।
মাহেনও ৪'৫ ভাদ্র ১৩৫৯।

জারি গান-কবি গান — এম আজিজুল করিম। মোহাম্মদী ৩২'১০ শ্রাবণ ১৩৬৮।

টাঙ্গাইলের লোক সাহিত্য—মীর সেহরাব আলী। বা. এ. প. ১১'২ (১৩৭৪)।

টেপু পাগল — রওশন ইজদানী, মোহাম্মদী। ২৮'৪ মাঘ ১৩৬৩।

ঢাকা

১৩৫৯ ঃ ভাদ্র | ডঃ শহীদুল্লাহ — ঢাকার কবি গরীবুল্লাহ মোল্লা। দ্র. পুথি, (পরিশিষ্ট)।

১৩৬২ ঃ পৌষ। অধ্যাপক বিষ্ণুপদ ভট্টাচার্য — ঢাকা ও কলিকাতা ভাবের গান। মোহাম্মদী ২৬'৪।

১৩৬৬ ঃ পৌষ, ১৩ | সিরাজুদ্দীন কাশিমপুরী—লোক সাহিত্য রসের ফোটা।[১]

১৩৬৯ ঃ ভাদ্র | এম. এ. মজিদ — বিরহী বধু। দিলরুবা।

১৩৭২ ঃ মা-চৈ | মোহাম্মদ আবদুল কাইউম—ঢাকার কয়েকজন পুঁথি রচয়িতা। (দ্র. পুঁথি, পরিশিষ্ট)।

ঢাকা ও কলিকাতা ভাবের গান — অধ্যাপক বিষ্ণুপদ ভট্টাচার্য।
মোহাম্মদী ২৬'৪ পৌষ ১৩৬২। *

তরজা, বিচার, মারেফাতী ও মুর্শিদী গান—মনসুরউদ্দীন।[১] দ্রঃ ধর্ম সঙ্গীত (লোক সঙ্গীত)

তত্ত্ব সাহিত্য — ডঃ আহমদ শরীফ। উত্তরণ ১'৩ পৌষ—মাঘ ১৩৬৫।

তিনটি বারমাসী — জয়ধর বানিয়া। সমকাল পৌষ ১৩৬৭।

দিনাজপুর — দ্র. উত্তর বঙ্গ।

দিনাজপুর জেলার ছড়া— বেগম জাহানারা মিনা। দ্রঃ ছড়া।

* ঢাকার লোক-সাহিত্য সম্পর্কিত প্রথম আলোচনা [দেশ ভাগের পর]?

দুটি সংগৃহীত গীতি — তসাদ্দক হোসেন। দিলরুবা ৯'৯ পৌষ ১৩৬৩।

'দেওয়ান মদিনা'— মোহাম্মদ আজিজুল হক চৌধুরী। সমকাল আষাঢ় ১৩৬৬। *

দেওয়ানা মদিনা —সৈয়দ মুর্তাজা আলী। সওগাত ৪৩'৫ চৈত্র ১৩৬৭।

ধুয়াগান — শেখ আবুবকর ছিদ্দিক। মোহাম্মদী ৩০'৪ পৌষ ১৩৬৬।

নবাব গঞ্জের বিয়ের গীত — মোঃ রফিকুল আলম। অরুনাভ (নবাবগঞ্জ কলেজ বার্ষিকী) সপ্তম সংখ্যা ১৩৬৫-৬৬।

নাসিরনগর-হবিগঞ্জের গ্রাম্য প্রবাদ—সৈয়দ হুমায়ুন বখ্‌ত। সওগাত ৪৫'২ পৌষ ১৩৬৯।

নোয়াখালি

১৩৬২ : } জ্যৈষ্ঠ। নূর মোহাম্মদ আ'যমী — প্রবাদ বাক্য। মোহাম্মদী।
১৩৬৩ : }

১৩৬৬ : মাঘ, ২৪। মীর আবুল কালাম আজাদ—নোয়াখালির লোক সাহিত্য।[১]

১৩৬৭ : পৌষ, ১৭। আমিনুল ইসলাম—নোয়াখালির দক্ষিণ অঞ্চলের ছড়া।[১]

নোয়াখালির দক্ষিনঞ্চলের গ্রাম্য ছড়া — আমিনুল ইসলাম [১] দ্রঃ ছড়া।

নোয়াখালির লোক সাহিত্য — দ্র. নোয়াখালি। (১৩৬৬)

পরের ঘরের ব্যথা — রওশন ইজদানী। আল ইসলাহ ১৮'১ বৈশাখ ১৩৫৬।

পল্লী কবি কুশই বিশ্বাস — জহুরুল ইসলাম। সওগাত ৪৯ (ক) '২ পৌষ ১৩৭৩।

পল্লী কবি জসীমউদ্দিন ** —আবুল আশরাফ মোহাম্মদ আবদুস শাকুর। মোহাম্মদী ২২'১ (১৩৫৭)।

কুমুদরঞ্জন ভট্টাচার্য। মোহাম্মদী ২৪শ বর্ষ (১৩৫৯)।

বদিউজ্জামান। ফজলুল হক হল বার্ষিকী (১৯৬২—৬৩)।

মোহাম্মদ একরামুল হক। সওগাত ৫০'৪ ফাল্গুন ১৩৭৫।

পল্লী কবি বানু মোল্লা — অধ্যাপক আবু তালিব। দিলরুবা ১৩'৯ পৌষ ১৩৬৮।

পল্লী কর্মী — খায়রুল ইসলাম। পাক সমাচার ১৪ই আগষ্ট ১৯৫৯।

পল্লী গান — মনসুরউদ্দীন। মোহাম্মদী ২৩'১ কার্তিক ১৩৫৮।

* দ্র. ডঃ আশরাফ সিদ্দিকী প্রথম এ বিষয়ে লেখেন মনে হয় [স্বাধীনতা উত্তর কালে] দ্র. 'দেওয়ানা-মদিনা' আজাদ ৮ই চৈত্র ১৩৫৯।

** খতিয়ান 'স্মরণ' দ্রষ্টব্য [পরিশিষ্ট]।

পল্লী গীত — [সংগ্রহ] মাহবুবুল আলম। দিলরুবা ৫'১১ ফাল্গুন ১৩৬০।

পল্লী গীতি বা লোক সঙ্গীত — আব্বাসউদ্দীন আহমদ। দিলরুবা।
৫'৩-৪ আষাঢ়-শ্রাবণ ১৩৬০।

পল্লী মণি — এ. কাছেম কেশরী। মোহাম্মদী ২০'১১ ভাদ্র ১৩৫৪।

পল্লী সঙ্গীত — শেখ আবুবকর সিদ্দিক। মোহাম্মদী ২৮'১ কার্তিক ১৩৬৪।

পল্লী সংগীত ও আমরা — আবদুল আহাদ। সমকাল ১ম বর্ষ পৃঃ ২৯৬।

পল্লী সাহিত্য ও আমাদের দায়িত্ব—কাজী সিরাজুল হক। সওগাত ৪৫'৬ বৈশাখ ১৩৭০।

পল্লী সাহিত্যে অবাঞ্ছনীয় মুন্সিয়ানা — রওশন ইজদানী।
মোহাম্মদী ৩১'১০ আষাঢ় ১৩৬৮।

পল্লী সাহিত্যে তামদ্দুনিক স্বাতন্ত্র্য—রওশন ইজদানী। মোহাম্মদী ২৬'৫ ফাল্গুন ১৩৬২।

পল্লী সাহিত্য প্রেম — মীর আলতাফ আলী। মোহাম্মদী ৩০'১২ আশ্বিন ১৩৬৬।

পল্লী সাহিত্যে সংস্কৃতির ধারা — মোহাম্মদ গোলাম আকবর চৌধুরী।
আল্ ইসলাহ ১৮'৪ | ১২ শ্রা-চৈ ১৩৫৬।

পল্লী সাহিত্য হাস্য রসিকতা * — অধ্যাপক আজিজুল হক চৌধুরী।
এ. এম. কলেজ বার্ষিকী ১৯৬৫-৬৬।

পল্লী সাহিত্যের একদিক — আজিজুল হক চৌধুরী। এফ এইচ হল বার্ষিকী ১৩৬৫।

পল্লী সাহিত্যের কথা — ইবরাহীম খাঁ। মোহাম্মদী ৩৫'১২ আশ্বিন ১৩৭১।

পল্লীর ঘরে বাইরে— আনিছ উজ জামান চৌধুরী। হরগঙ্গা কলেজ বার্ষিকী ১৯৫৯—৬০।

পল্লীর পথে ঘাটে — আবদুল মান্নান খোন্দকার। ব্রজমোহন কলেজ বার্ষিকী —।?।

পল্লীর রূপায়ন [দ্রঃ বর্তমান লেখকের খতিয়ান — (অর্থনীতি)] খ. সংস্কৃতি।

পশ্চিম পাকিস্তানের ঘুম পাড়ানী গান — এস. কে. বালোচ।
মাহেনও ১৮'১২ চৈত্র ১৩৭৩ মার্চ ১৯৬৭।

পশ্চিম পাকিস্তানের লোক সাহিত্য—এন. এ. খালেদ। মাহেনও ১৮'১২ চৈত্র ১৩৭৩।

পাক চীন লোক গল্পের গতি প্রকৃতি — মুহম্মদ আবদুল খালেক।
সাহিত্যিকী ৪'১। (শরৎ-বসন্ত) ১৩৭৩।

পাক বাংলার জিন্দেগী বৈচিত্র্য —রওশন ইজদানী। মোহাম্মদী জ্যৈষ্ঠ ১৩৬৯।

পাক ভারতীয় লোক গল্পের একটি দিক (বোকাজামাতা) — ডঃ মযহারুল ইসলাম।
সাহিত্যিকী ২'২ বসন্ত ১৩৭৩।

* এ বিষয়ে অন্যান্য আলোচনা : দ্র. হাস্যরস।

পূর্ব বাংলার প্রাচীন পল্লী গীতি

পূর্ব বাংলার লোক কাহিনী — আতোয়ার রহমান, সওগাত কার্তিক ১৩৬৩।

পূর্ব বাংলার লোক সাহিতা — আলাউদ্দীন আল আজাদ, সওগাত ৩৫'৪ ফা চৈত্র ১৩৫৯।

পূর্ব বাংলার লোক-সাহিত্য ছড়া ও কাহিনী—ডি. এ. রশীদ। মিল্লাত, ২৯শে শ্রাবণ, ১৩৫৬, আজাদী সংখ্যা।[৩]

পূর্ব বাংলার লোক সংগীত — মুজিবল হক, পূর্বদেশ ঈদ ১৯৬৬

প্রবাদ — দ্র· লোকপ্রবাদ

প্রবাদ বাক্য — নূর মোহাম্মদ আ'যমী, মোহাম্মদী ২৬'৮ | ২৭'৮ জ্যৈষ্ঠ ১৩৬২ | জ্যৈষ্ঠ ১৩৬৩।

প্রাচীন কবিওয়ালা — মনসুরউদ্দীন। সমকাল ৬'১-১ কা-পৌ ১৩৬৮।

প্রাচীন বাংলা গানে নিধু বাবুর অবদান | কবি ১৩৬৯।

প্রাচীন বাংলা সাহিত্যে বাস্তব উপাদান | *

ফকির বিলাসের কবি ফকির গরীবুল্লাহ। ? দ্রঃ পুথি (পরিশিষ্ট)।

ফতেহাবাদের আউলিয়া কাহিনী — সৈয়াদ ইনায়েত হোসেন রিয্‌বী।

বা· এ· প· ৫'৩ (১৩৬৮)।

ফরিদপুর —

১৩৫৭ : কার্তিক | মনসুরউদ্দীন—বাংলার লোক সঙ্গীত।

দিলরুবা ২'৭ (সংগ্রহ)।

১৩৬৪ : কার্তিক | রথীন্দ্রকান্ত ঘটক চৌধুরী—বিচার গায়ক হালিম।[৩]

দ্র· লোকসঙ্গীত (বিচার গান)।

১৩৬৬ : ভাদ্র | মনসুরউদ্দীন — বায়োমাসী দ্র·

১৩৬৭ : আষাঢ় | আলীমুজ্জামান—ফরিদপুরের মেয়েলী গান। মাহেনও ১২'৩ জুন ১৯৬০।

১৩৬৮ : মাঘ | মোহাম্মদ নাফিউদ্দীন—ফরিদপুর জেলার ছড়া।[৩]

দ্র· ছড়া (মাঘ, ৭—১৩৬৮)।

ফিকির চাঁদের গান —

১৩৬৫ : মাঘ, ১৮ | বামাচরণ কর্মকার—ফিকির চাঁদের গান।[৩]

১৫৬৮ : পৌষ, ১লা | মোঃ আমজাদ হোসেন—ফিকির চাঁদের গান।[৫৩]

ফুলের বারমাসী—বারোমাসী দ্র.

বংশাই নদীর ধারে—ডঃ আশরাফ সিদ্দিকী। মাহেনও ২'৯ পৌষ ১৩৫৭।

বগুড়া ঃ

১৩৬৬ ঃ বৈশাখ | মোহাম্মদ আবদুল আজিজ — আমাদের লোক সাহিত্যের একদিক, মোহাম্মদী ৩০ ৭।

১৩৬৯ ঃ জ্যৈষ্ঠ, ৬/১৩/২০ | এস. এম. রোস্তম আলী (কবিরত্ন) বগুড়ার লোক-সাহিত্য।[২]

১৩৭০ ঃ শ্রাবণ | অধ্যাপিকা খোদেজা খাতুন — বগুড়া জেলার গ্রাম্য প্রবাদ, মোহাম্মদী ৩৩'১০ শ্রাবণ।

১৩৭০ ঃ শ্রা-আ. | ঐ—বগুড়া জেলার পল্লী অঞ্চলের মেয়েলী সংগীত বা. এ. প. ৭'২।

১৩৭২ ঃ শ্রা-আ. | ঐ—বগুড়ার গ্রাম্য ছড়া। বা. এ. প. ৯'২।

বগুড়ার লোক সাহিত্য। দ্র. বগুড়া

বগুড়া জেলার গ্রাম্য প্রবাদ। ,,

বগুড়া জেলার পল্লী অঞ্চলের মেয়েলী সংগীত। ,,

বগুড়ার গ্রাম্য ছড়া। ,,

বরিশাল ঃ

১৩৬৫ ঃ ফাল্গুন, ৩ | শ. ম. ইমান উদ্দীন—পল্লী সংস্কৃতি—কবি গান।[৩]

১৩৬৬ ঃ | ?—হয়লাগান—দ্র. লোকসংগীত (হয়লা গান, বিয়ের গান)।

১৩৬৮ ঃ | সঞ্জয় বড়ুয়া—বরিশালের মেয়েলী ছড়া ও গান।[৩]

দ্রঃ মেয়েলী গান প্রসঙ্গ।

১৩৬৮ ঃ | মিহির দত্ত — বরিশালের প্রচলিত ছড়া।[১] দ্রঃ ছড়া (১৩৬৮)।

১৩৬৯ ঃ | অরূপ তালুকদার — বাখরগঞ্জ জেলার লোক-সাহিত্য। সওগাত ৪৫'৫ চৈত্র ১৩৬৯।

বরিশালের মেয়েলী ছড়া ও গান। দ্র. বরিশাল

বরিশালের প্রচলিত ছড়া। ,,

বরেন্দ্রভূমির লোক সংগীত — আবুল হায়াত। সাহিত্যপত্র ১৩৬৬।

পাকিস্তানের লোক কাহিনীর এক অমর নায়িকা মদিনা — অধ্যাপক আ. শ. ম. বাবর আলী। সওগাত ৪৯ (ক).১২ কার্তিক ১৩৭৪।

পাগলা কানাই — কবি দ্রঃ।

পাঞ্জাবী লোক গীতি — ডক্টর আবদুস সালাম খুরশীদ।
মাহেনও ১৫'১০ মাঘ ১৩৭০, জানুয়ারী ১৯৬৪।

পাঞ্জাবের লোক জীবন—ফজল কামাল। মাহেনও ১৬'৯ পৌষ ১৩৭১,ডিসেম্বর ১৯৬৪।

পাঞ্জাবের মরমী কবি মধুলাল হোসেন—অনুবাদ : আবদুল বারি কোরেশী।
সওগাত ৪৯ (ক) ৮ আষাঢ় ১৩৭৪।

পাঞ্জাবের একটি 'বারমাসী'—আ. ন. ম. বজলুর রশীদ। মাহেনও ৬'৬ আশ্বিন ১৩৬১।

পাঠান লোক গীতি † —? — মাহেনও ১৬'৬।

পাঠান লোক শিল্প — অধ্যাপক বশীরুদ্দীন। সওগাত ৪৭'১০ ভাদ্র ১৩৭১।

পালাটিয়া, পালা — দ্র. পালাগান

পাল্কী চলে* — [সংগ্রহ] : অধ্যাপক আবু তালিব। দিলরুবা ১২'৯ পৌষ ১৩৬৭।

পাল্কীর গান — অধ্যাপক আবু তালিব। সওগাত ৩১'১ অগ্রহায়ণ ১৩৫৫।

পাড়া গাঁয়ের ছড়া — ছড়া দ্রঃ।

পূর্ব পাকিস্তান, লোক সাহিত্য ও বহির্বিশ্ব — ডঃ আশরাফ সিদ্দিকী। ঋতু রঙ মন ১ম বর্ষ ১ম (বসন্ত) সংখ্যা, ১৩৭৩, ফেব্-এপ্রিল ১৯৬৭।

পূর্ব পাকিস্তানের বিয়ের গান—খোদেজা খাতুন। পরিক্রম ফেব্রুয়ারী ১৯৬৬।

পূর্ব পাকিস্তানের লোক গীতি—আব্বাস উদ্দীন আহমদ। মাহেনও ৯'১২ চৈত্র ১৩৬৪ মার্চ ১৯৫৯।

পূর্ব পাকিস্তানের লোক বাদ্য যন্ত্র — আবদুল করীম। মোহাম্মদী ২৮'৮ জ্যৈষ্ঠ ১৩৬৪।

† আবদুল মওদুদের একটি প্রবন্ধ সূত্র সংকেতের কারণে এখানে উল্লেখিত হলো : পাঠান জাতির সংস্কৃতি ও ঐতিহ্য। পূবালী ৩'৬ ফাল্গুন ১৩৬৯।

* ত্রৈমাসিক 'আন্তর্জাতিকে' বিনয় ঘোষ এই সময় 'পাল্কী ও ল্যাণ্ডো কালচার' প্রবন্ধটি প্রকাশ করেন।

পূর্ব পাকিস্তানের লোক সাহিত্য — মুহম্মদ মতিউর রহমান, মোহাম্মদী ৩১'১ কার্তিক ১৩৬৬।

সিরাজুদ্দীন কাসিমপুরী, মোহাম্মদী ৩১'৮ জ্যৈষ্ঠ ১৩৬৭।

আবদুর রহমান খান, মাহেনও ১৫·৩ আষাঢ় ১৩৭০, জুন ১৯৬৩।

মোয়াজ্জেম হোসেন মোস্তাফা *·

*ক এবাদত হোসেন[৩]

পূর্ব পাকিস্তানের লোক সাহিত্য ও সঙ্গীত — অধ্যাপক আনোয়ারুল করিম, সওগাত ৪৯ (ক)'২ পৌষ ১৩৭৩।

পূর্ব পাকিস্তানের লোক সঙ্গীত — মকসুদুর রহমান হিলালী, দিলরুবা ১২'৩-৪ আ-শ্রা ১৩৬৭।

পূর্ব পাকিস্তানের লোক সঙ্গীতে ইসলামী ঐতিহ্য — ডঃ গোলাম সাকলায়েন, মাহেনও ১১'১ বৈশাখ ১৩৬৬।

পূর্ব পাকিস্তানের লোক সঙ্গীতের ধারা — দীননাথ সেন, উত্তরণ ১'২ কা-অগ্র ১৩৬৫।

পূর্ব পাকিস্তানের লৌকিক অনুষ্ঠান — অধ্যাপক তোফায়েল আহমদ, দিলরুবা ১১'৬ আশ্বিন ১৩৬৬।

পূর্ব পাকিস্তানের লৌকিক পুরা কাহিনী ও লোক গীতিকা—ডঃ মযহারুল ইসলাম। বা· এ· প· ৮'১ (১৩৭১)।

পূর্ব পাকিস্তানের সাংস্কৃতিক রূপ — ডক্টর এনামুল হক, মাহেনও ৮'৪ শ্রাবণ ১৩৬৩।

পূর্ব বঙ্গ গীতিকা — ডঃ কাজী দীন মুহম্মদ, সওগাত ৩৬'২ পৌষ ১৩৬০।

পূর্ব বঙ্গের নকসী কাঁথা ও শাড়ী — জসীমউদ্দীন, মোহাম্মদী ২২'৭ বৈশাখ ১৩৫৮।

পূর্ব বঙ্গের পল্লী সাহিত্য — রওশন ইজদানী। মাহেনও ১'১০-১১ মাঘ ফাল্গুন ১৩৫৬ ডিসেম্বর ১৯৪৯। জানু ১৯৫০।

পূর্ব বাঙ্গালার গ্রাম্য বিয়ের বৈশিষ্ট্য — আমিনুল ইসলাম, দিলরুবা ৮'৯ পৌষ ১৩৬৩।

* একটি নামহীন ম্যগাজিন আকারের পত্রিকায় লেখাটি পাওয়া গেছে পৃঃ ১।

*ক ইত্তেফাক অগ্রহায়ণ ৯'১৬। ১৩৬৬।

বাউল —

১৩৫৭ : জ্যৈষ্ঠ। চৌধুরী ওসমান — কয়েকটি মুর্শীদীগান, দিলরুবা।

,, : অগ্রহায়ণ। রওশন ইজদানী—ময়মনসিংহের মুর্শিদী, মারফতী ও বাউল সাহিত্য, মোহাম্মদী।

,, : অগ্রহায়ণ, ১৫। লায়লা আর্জুমন্দ বানু—মুর্শিদী ও বাউল গান।[১]

১৩৬০ : রওশন ইজদানী — *

ভাদ্র। অধ্যাপক আবু তালিব—সাধক কবি লালন শাহ। মাহেনও ৫·৫। আগষ্ট ১৯৫৩।

১৩৬২ : আষাঢ়, ২৫। রওশন ইজদানী — বাউল গীতিকার আব্বাস[১]

আশ্বিন। রওশন ইজদানী বাউল সাধক রশিদউদ্দীন। মোহাম্মদী, ২৬·১২

অগ্রহায়ণ। মনসুরউদ্দীন — শেখ মদন বাউল। মোহাম্মদী ২৭·২।

পৌষ। ঐ — পূর্ব বাংলার লোক সঙ্গীত, মোহাম্মদী ২৭·৩।

১৩৬৩ : অগ্রহায়ণ, ৯/১৬। এবাদত হোসেন—পূর্ব পাকিস্তানের লোকসাহিত্য।[৩]

১৩৬৫ : জ্যৈষ্ঠ। অধ্যাপক আনোয়ারুল করিম—'বাউল কবি লালাশাই'।[২]

মাঘ, ১৮। বামাচরণ কর্মকার — ফিকির চাঁদের গান।

১৩৬৬ : ভাদ্র। ডক্টর শহীদুল্লাহ — মদন বাউল ও লালন শাহের কাব্যে আত্মনিবেদনের সুর। সমকাল ৩·১।

ভাদ্র। জগলুল হায়দর আফরিক—শাহ আবদুল ভিটায়ী, মোহাম্মদী ৩০১১।**

পৌষ। রওশন ইজদানী—বাউল শরৎনাথ। মোহাম্মদী ৩১·৩

,, । বযলুর রহমান—সমকালীন পল্লী কবি ও সাধক, সমকাল ৩·৫।

চৈত্র। শাহ লতীফ আফী আনহু—বাউল কবি দুদ্দুশাহ। সমকাল ৩·৮।

১৩৬৭ : বৈশাখ, আষাঢ়। শাহ লতীফ আফী আনহু—বাউল গানের 'মানুষ' ব্যাখ্যা, সমকাল ৩·৮ ?/৩·১১।

আষাঢ়। বযলুর রহমান—বাউল গানের ঐতিহ্য। সমকাল ৩·১১।

*ক· বাউল কবি জালালউদ্দিন খাঁ। আজাদ ১৫ই/১২শে কার্তিক ১৩৬০।

খ· বাউল আতর চান ফকির। আজাদ ২০শে অগ্রহায়ণ, ১৩৬০।

** মাহেনও ১৬·৬ সংখ্যায় মনসুরউদ্দীনের পুস্তক সমালোচনা (শাহ আবদুল লতিফ ভিটায়ী) দ্রষ্টব্য।

ভাদ্র | চৌধুরী গোলাম আকবর সাহিত্যভূষণ—সাধক কবি আশহর আলী, পাক সমাচার ১৪ই আগষ্ট ১৯৫৯।

১৩৬৮ : জ্যৈষ্ঠ, ২৮ | রথীন্দ্র ঘটক চৌধুরী—বাউল কবি মনোমোহন।[৩]

পৌষ, ১লা | মোহাম্মদ আমজাদ হোসেন—ফিকির চাঁদের গান।[২,৩]

| বযলুর রহমান—বিশ্ব বাউল পরিক্রমা দ্র.

১৩৬৯ : শ্রাবণ, ১৩ | এস. এম. লুৎফর রহমান — বাউল গানের বৈশিষ্ট্য।[৩]

ফাল্গুন | বোরহান উদ্দীন খান জাহাঙ্গীর—বাউল দুদ্দু শাহ পুবালী ৩·৬।

১৩৭০ : আষাঢ় | মনসুরউদ্দীন—বাউল কবি মেহের শাহ। পূবালী ৩·১০।

১৩৭১ : অগ্রহায়ণ | এম. ডি. শামস—সাধক কবি সুলতান বাহু। মাহেনও ১৬·৮ নভেম্বর ১৯৬৪।

১৩৭৩ : অধ্যাপক আবু তালিব —লালন শাহ : মত ও পথ। সাহিত্যিকী চতুর্থ বর্ষ (১/২ শীত/বসন্ত।

লালন চরিত মানস ও শেষ জীবন। পরিক্রম মার্চ-জুন ১৯৬৬।

লালন শাহ ও লালন গীতির পুনর্বিচার, পরিক্রম ৪·১।

১৩৭৪ : বৈশাখ, ২ | বাউল কবি লালন শাহ প্রসঙ্গে।৭

জ্যৈষ্ঠ ৬/১১ | অধ্যাপক আনোয়ারুল করিম—'বাউল লালনশাহ প্রসঙ্গে।৭

১৩৭৪ : এস এম লুৎফর রহমান — লালন শাহের জীবন কথা। সাহিত্য পত্রিকা। বর্ষা ১১·১

অধ্যাপক বদরুল হাসান — লোক সাহিত্য। বাউল গান দ্রষ্টব্য।

১৩৭৮ : চৈত্র | বোরহান উদ্দীন খান জাহাঙ্গীর—বাউল গান। পূবালী ১২·৭।

বাউল কবি লালন শাহ—এ. এস. এম. আনোরুল করিম। দ্র. বাউল (১৩৬৫ | ১৩৬৮ ১৩৭৪)

বাউল কবি লালন শাহ প্রসঙ্গে—দ্র. বাউল (১৩৭৪)।

বাউল গান — বোরহানউদ্দীন খান জাহাঙ্গীর। পূবালী ১২·৭ চৈত্র ১৩৭১।

বাউল গানের ঐতিহ্য — বযলুর রহমান। সমকাল আষাঢ় ১৩৬৭।

বাউল গানের বৈশিষ্ট | এস. এম. লুৎফুর রহমান।[৩] দ্র. বাউল ১৩৬৯।

বাউল গানের মানুষ শব্দের ব্যাখ্যা—শাহ লতিফ আলী আনহু। সমকাল ৩·১১ আষাঢ় ১৩৬৭।

বাউল গীতিকার আব্বাছ — 'বাউল' দ্রষ্টব্য। (১৩৬২)

বাউল তত্ত্ব — আহমদ শরীফ। বা. এ. প. ৭'৪। মাঘ-চৈত্র ১৩৭০।

বাউল তত্ত্বের পূর্বাভাষ — হরেন্দ্র চন্দ্রপাল। সাহিত্য পত্রিকা ১১'২ শীত ১৩৭৪।

বাউল দর্শন — বযলুর রহমান বি. টি.। সওগাত ৪৯'৯।

বাউল দর্শন ও বাউল গানের সংজ্ঞা নিরূপণ — শাহ লতীফ আফী আনহু।
সমকাল শ্রাবণ ১৩৬৭।

